বার্ষিক প্রতিবেদন

२०२२-२०२७



অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের পথে...



সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এন্ড প্র্যাকিটিসেস (সিদীপ)

বার্ষিক প্রতিবেদন

२०२२-२०२७



অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের পথে...



সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এন্ড প্র্যাকিটিসেস (সিদীপ)

মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার

সভ্যতার বিকাশে পাঠাগারের গুরুত্ব অপরিসীম। দেশে শিশুকিশোরদের মাঝে জ্ঞানতৃষ্ণা বাড়াতে, পাঠাভ্যাস গড়ে তুলতে, সৃজনশীলতা উৎসাহিত করতে এবং নানারকম ক্ষতিকারক আসজি থেকে তাদেরকে মুক্ত রাখতে সিদীপ একটি পাঠাগার কর্মসূচি প্রবর্তন করেছে।



আগ্রহের ভিত্তিতে প্রাথমিকভাবে ২১টি শাখা থেকে বইসংগ্রহের উদ্যোগ নেয়া হয় এবং স্থানীয়ভাবে সংগ্রহকৃত বইয়ের তালিকা প্রেরণসাপেক্ষে মুক্তপাঠাগার স্থাপনের জন্য প্রধান কার্যালয় থেকে বাজেট অনুমোদনপূর্বক কার্যক্রম হাতে নেয়া হয়।

সংস্থার শিক্ষাসুপারভাইজারগণ নিজ নিজ এলাকার বইপ্রেমী মানুষদের কাছ থেকে বই সংগ্রহ করে স্থানীয় কোনো স্কুলকলেজের কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে একটি মুক্তপাঠাগার স্থাপনের প্রস্তাব দেন। তাদের সম্মতি সাপেক্ষে সংস্থা থেকে একটি বইয়ের তাক নির্মাণ করে উক্ত স্কুল বা কলেজের দেয়ালে স্থাপন করা হয়। এটি সিদীপের 'মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার'। যেখান থেকে ছাত্রছাত্রী বাধাহীনভাবে পড়ার জন্য বই নিতে পারে ও ইচ্ছেমতো ফেরত দিতে পারে। এ পর্যন্ত ১১টি জেলায় ২৫টি স্কুলে এ মুক্তপাঠাগার স্থাপিত হয়েছে।



এ পাঠাগার কার্যক্রম শুরু করার আগে শিক্ষাসুপারভাইজারদের নিয়ে বই পড়ার প্রয়োজনীয়তা ও পাঠাগার তৈরির পরিকল্পনা বিষয়ে একটি রচনা-প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল, যেখানে শিক্ষাসুপারভাইজারগণ বই পড়ার গুরুত্ব ও প্রয়োজনীয়তার উপর আলোকপাত করেছেন এবং পাঠাগার তৈরির ব্যাপারে তাদের নিজস্ব পরিকল্পনা বর্ণনা করেছিলেন। অতঃপর শিক্ষাসুপারভাইজারদের



অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব, এমআরএ-র ইভিসি ও পিকেএসএফের ব্যবস্থাপনা পরিচালকের মুক্তপাঠাগার পরিদর্শন

চলতি বছর ৩ জুন অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানিত সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ এবং এমআরএ-র এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মো. ফসিউল্লাহ অর্থরিটি-র সনদপ্রাপ্ত প্রতিষ্ঠান সিদীপের আণ্ডলিয়া শাখার বিভিন্ন প্রকল্প, শিক্ষা সহায়তা কর্মসূচি এবং মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার পরিদর্শন করেন। এসময় এমআরএ-র নির্বাহী পরিচালক মুহাম্মদ মাজেদুল হক, এমআরএ-র পরিচালক মো. নূরে আলম মেহেদী এবং এমআরএ-র সিনিয়র সহকারি পরিচালক সৈয়দ আশিক ইমতিয়াজ উপস্থিত ছিলেন। তাঁরা স্থানীয় দোসাইদ অধন্য কুমার স্কুল এন্ড কলেজে স্থাপিত মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার পরিদর্শন করেন এবং অভিনব এই পাঠাগার আন্দোলনের ভূয়সী প্রশংসা করেন।





এরপর ১৪ জুন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ)
ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি ঢাকার আশুলিয়ায় সিদীপের কয়েকটি প্রকল্প পরিদর্শন করেন। সবশেষে তিনি দোসাইদ অধন্য কুমার স্কুল এভ কলেজে স্থাপিত মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার পরিদর্শন করেন এবং এ উদ্ভাবনীমূলক সৃজনশীল উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন।

আরও দেখুন : পৃষ্ঠা ৬৭

মুক্তপাঠাগারে সেরা পাঠক-পাঠিকা নির্বাচন ও পুরস্কার প্রদান

শিক্ষার্থীদের মধ্যে পাঠচর্চা বাড়াতে ও তাদের উৎসাহিত করার লক্ষ্যে এ সকল পাঠাগারের পাঠকদের মধ্য থেকে সেরা পাঠক/পাঠিকা নির্বাচনের উদ্যোগ নেয়া হয়েছে। সেরা পাঠক/পাঠিকাকে পুরস্কৃত করার পাশাপাশি মুক্তপাঠাগার সংশ্লিষ্ট বিদ্যালয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে বই পড়ার গুরুত্ব নিয়ে আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। প্রতিটি স্কুলে তিনজন করে সেরা পাঠক/পাঠিকা নির্বাচিত হয় এবং তাদেরকে পুরস্কার হিসাবে মুহাম্মদ জাফর ইকবালের 'ইস্টিশন', বেগম রোকেয়ার 'সুলতানার স্বপ্ন' এবং আশরাফ আহমেদের 'একান্তরের হজমিওয়ালা' বইগুলো প্রদান করা হয়। পুরস্কারপ্রাপ্ত বইগুলো পাঠ করে শিক্ষার্থীরা রচনা লিখবে এবং সেখান থেকে আবার প্রতিটি বইয়ের ওপর ৩ জন করে মোট ৯ জনকে সেরা রচনালেখক হিসেবে পুরস্কার প্রদান করা হবে। যাতে পাঠাভ্যাসের পাশাপাশি শিক্ষার্থীদের সৃজনশীলতা বৃদ্ধি পায়।



সিদীপ আড়াইহাজার শাখায় রোকনউদ্দিন পাইলট বালিকা উচ্চে বিদ্যালয়ে মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগারে শিক্ষাথীদের হাতে সেরা পাঠক-পাঠিকার পুরন্ধার তুলে দেন বিদ্যালয়ের সভাপতি মাননীয় সংসদ সদস্য মো. নজকল ইসলাম বাবু'র সহধর্মিণী ডা. সায়মা আফরোজ ইভা। অনুষ্ঠানে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মৃদুল কান্তি পাল ও অন্যান্য শিক্ষক এবং সিদীপের গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা আলমগীর খান, বিএম ইউনুস আলী এবং শিক্ষা সুপারভাইজার হাছিনা নার্গিস উপস্থিত ছিলেন।

মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার ও প্রয়াসের উদ্যোগে



সিদীপের 'মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার' ও স্থানীয় 'প্রয়াস' পাঠগারের যৌথ আয়োজনে পাবনার সাঁথিয়া উপজেলার কাশিনাথপুরে ১৭ জুন অনুষ্ঠিত হল স্থানীয় পাঠাগার সম্মেলন-২০২৩। কাশিনাথপুর ইউনিয়ন পরিষদের সম্মেলনকক্ষে দিনব্যাপী এ অনুষ্ঠান হয়। এতে পাবনা জেলার বিভিন্ন প্রান্ত থেকে পনেরটি পাঠাগারের প্রতিনিধিগণ অংশ নেন।

অনুষ্ঠানের শুরুতে অধ্যাপক মফিদুল ইসলাম শাহীনের সভাপতিত্বে ও সহযোগী অধ্যাপক মাহবুব হোসেনের



সঞ্চালনায় এক আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতার চূড়ান্তপর্ব অনুষ্ঠিত হয়। কাশিনাথপুর কলেজিয়েট স্কুল ও ডিজিটাল স্কুলের মধ্যে চূড়ান্ত প্রতিযোগিতায় বিজয়ী হয় কাশিনাথপুর কলেজিয়েট স্কুল।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে অনুষ্ঠিত হয় বই ও পাঠাগার নিয়ে বিশেষ আলোচনা। কবি ও লেখক আলমগীর খানের সভাপতিত্বে ও সিদীপের গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা মাহবুব উল আলমের সঞ্চালনায় পাঠাগার আন্দোলন, সংকট, উত্তরণ ও সম্ভাবনা শীর্ষক আলোচনায় অংশগ্রহণ করেন পাবনা সরকারি বুলবুল কলেজের সাবেক অধ্যক্ষ ও পাবনা প্রেসক্লাবের সাবেক সভাপতি অধ্যাপক শিবজিত নাগ, স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মীর মঞ্জুর এলাহী, কথাসাহিত্যিক আখতার জামান, কবি সৈকত হাবিব, সিম্মিলিত পাঠাগার আন্দোলনের সভাপতি আব্দুছ ছাত্তার খান, শিক্ষাবিদ গোলাম রসুল এবং কবি ও গীতিকার হুমায়ূন কবীর।

এই সম্মেলনের একটি বিশেষ দিক ছিলো জ্ঞানের ফেরিওয়ালা বলে খ্যাত বর্ষীয়ান পাঠাগার-ব্যক্তিত্ব জনাব এম এল নজরুল ইসলামকে সম্মাননা প্রদান। সম্মাননাপত্রটি পাঠ করে শোনান কবি ও গীতিকার আলাউল হোসেন এবং এটি তাঁর হাতে তুলে দেন জনাব মীর মঞ্জুর এলাহী।

সম্মেলনে বক্তারা বলেন, এই সম্মেলনের মাধ্যমে পাবনা জেলার পাঠাগারসমূহের মধ্যে সেতুবন্ধন স্থাপিত হলো। দেশকে এগিয়ে নিতে, জ্ঞানভিত্তিক আলোকিত সমাজ গড়তে নতুন প্রজন্মকে বইপাঠে অভ্যস্ত ও পাঠাগারমুখী হতে হবে। তাঁরা আরও বলেন, জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণে পাঠাগার হতে পারে গণমানুষের বিশ্ববিদ্যালয়। সবার চিস্তাচেতনাকে সঠিক পথে ধাবিত করতে পাঠাগার যুগান্তকারী ভূমিকা পালন করতে পারে।






প্রতিষ্ঠা: ১৯৯৫ সাল

সিদীপের প্রতিষ্ঠাকালীন সদস্যবৃন্দ

বিচারপতি আবদুল ওয়াদুদ চৌধুরী
অধ্যাপক আহমেদ কামাল
ড. আব্বাস ভূঁইয়া
ড. সৈয়দ রাশিদুল হাসান
ইঞ্জিনিয়ার দেওয়ান এ এইচ আলমগীর
জনাব মো. ইকবাল করিম
জনাব মোহাম্মদ আবদুল্ল্যাহ
জনাব মো. হাসান আলী
ড. এটিএম ফরিদ
ড. জলিলুর রহমান খান
জনাব মাহমুদুল কবীর
জনাব সালেহউদ্দীন আহমেদ
জনাব সৈয়দ ফখকল হাসান মুরাদ
জনাব মোহাম্মদ ইয়াহিয়া

মোহাম্মদ ইয়াহিয়া (০১.১২.১৯৫০-২২.০৮.২০২০) প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক




২২ জানুয়ারি ২০২৩এ সিদীপ ভবনে সংস্থার প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মোহাম্মদ ইয়াহিয়ার ম্যুরাল উদ্বোধন করেন মরহুমের সহধর্মিণী নাঈমা খাতুন, সংস্থার ভাইসচেয়ারম্যান শাহজাহান ভুঁইয়া এবং সিদীপ পরিচালনা পরিষদের সদস্য মাসুদা বানু ফারুক রত্না। ম্যুরালটি নির্মাণ করেছেন শিল্পী রুপাই সোহাগ, ধারণা ও পরিকল্পনায় জাহিদুল ইসলাম ও তত্ত্বাবধানে আইআরসি।

সিদীপের প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালকের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী পালিত

২০২২এর ২২ আগস্ট ছিল সিদীপের প্রতিষ্ঠাতা নির্বাহী পারিচালক মোহাম্মদ ইয়াহিয়ার দ্বিতীয় মৃত্যুবার্ষিকী। এদিন সিদীপের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের সব শাখার সকল কর্মী বিনম্ম শ্রদ্ধায় তাদের প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালককে স্মরণ করেন। বিকেলে প্রধান কার্যালয়ের সভাকক্ষে তাঁর স্মরণে প্রামাণ্যচিত্র প্রদর্শন, কবিতা আবৃত্তি, আলোচনা এবং তাঁর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।





২১ ফেব্রুয়ারি ২০২৩ সিদীপের প্রতিষ্ঠাকালীন সদস্য আমাদের অতি আপনজন ড. সৈয়দ রাশিদুল হাসানের মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত

বার্ষিক প্রতিবেদন প্রণয়ন টিম

ফজলুল বারি
শাহজাহান ভূঁইয়া
মিফতা নাঈম হুদা
আলমগীর খান
মনজুর কাদের আজাদ
মোহাম্মদ মাহবুব উল আলম
নুজহাত তাবাসসুম সাফা
এম. সায়মন কবীর
মোহাইমেন আল রশিদ
মাহবুবুর রশীদ অরিস
রাজিয়া সুলতানা কামনা



বার্ষিক প্রতিবেদন
২০২২-২০২৩

হাতে হাতে
আপোর যাত্রী হই

অপ্রত্ত্বীত্রনুলা জায়নোর পথে...

ক্রেমানার ফর ভেডলপথেই ইনোভেদন এড গ্রাকটিনেন (দিনীল)

বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এন্ড প্র্যাকটিসেস (সিদীপ)

প্রচ্ছদ : শিল্পী সামী আজফার প্রকাশ: সেপ্টেম্বর ২০২৩

ডিজাইন ও প্রোডাকশন ● ইন্ফ্রা-রেড কমিউনিকেশনসূ লি, irc.com.bd

সূচনা ১০ (10)

Introduction 78

আর্থিক সেবা ২১ (21)

Financial Services 89

সদস্য সুরক্ষায় সিদীপ ২৭ (27)

Protective security of CDIP members 95

শিক্ষা সহায়তা কর্মসূচি ৩১ (31)

Education Support Program 99

স্বাস্থ্যসেবা কর্মসূচি ৩৬ (36)

Healthcare Support Program 101

সমৃদ্ধি কর্মসূচি 8২ (42)

ENRICH PROGRAM 105

গবেষণা ও প্রকাশনা ৪৯ (49)

সাফল্যগাথা ৫৭ (57)

Research and Publication 113

Success Story 117

মানব-সম্পদ ব্যবস্থাপনা ৬০ (60)

Human Resource Management 111

ডিজিটাইজেশন ৬৯ (69)

Digitization 118

অন্যান্য কার্যক্রম ৭১ (71)

Financial Statement & Audit Report 119



চেয়ারম্যানের কথা

সিদীপের এবারকার বার্ষিক প্রতিবেদনটি কিছুটা ভিন্ন আঙ্গিকে প্রকাশিত হচ্ছে। যারা এ সুন্দর প্রতিবেদনটি তৈরি করতে মেধা ও শ্রম দিয়েছেন আমি তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। সিদীপের এক বছরের সামগ্রিক কার্যক্রম এতে বিস্তারিত ও সুন্দরভাবে তুলে ধরা হয়েছে।

সিদীপ মূলত একটি মাইক্রোফাইন্যাস অর্গানাইজেশন হিসেবে কাজ করে। প্রতিবছরের ন্যায় এবারও সিদীপের কার্যক্রম ও কর্ম-এলাকা বৃদ্ধি পেয়েছে। আলোচ্য বছরে ঋণ কার্যক্রম নতুন ৩টি জেলায় (নওগাঁ, বগুড়া ও গোপালগঞ্জ) সম্প্রসারিত হয়েছে, সদস্য ও ঋণী সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং ঋণ প্রদানের পরিমাণ বেড়েছে। ঋণ প্রদানের ক্ষেত্রে হতদরিদ্র ও গরীব সদস্যদের প্রাধান্য দেয়া হয়েছে। এ বছর মোট ২,৬৩,৭৮৬ জন সদস্যের নিকট ২,৩৬৩.৮০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এর মধ্যে অর্ধেকেরও বেশি অর্থাৎ ১,৩৭,১১৬ জন (৫২%) হতদরিদ্র ও গরীব সদস্যদের ঋণ দেয়া হয়েছে ৭২৫.৮৪ (৩০.৭%) কোটি টাকা। ৮২,০৩১ (৩১.১%) জন উদ্যোক্তাকে দেওয়া হয়েছে ১,৪৩৪.১৬ (৬০.৮০%) কোটি টাকা এবং অন্যান্য প্রকল্প সদস্য ৪৪,৬৩৯ (১৬.৯%) জনকে দেওয়া হয়েছে ২০৩.৮ (৮.৫%) কোটি টাকা। সিদীপ তার সদস্যদের সুরক্ষায় সৃষ্ট কল্যাণ তহবিলের মাধ্যমে হঠাৎ বিপদে (যেমন মৃত্যু, দুর্ঘটনা, রোগব্যাধি কিংবা ঋণের টাকায় পরিচালিত প্রকল্প ইত্যাদি) পড়ে যাওয়া সদস্যদের এ বছর ৫০ কোটি টাকারও বেশি সহায়তা দান করেছে। যা ক্ষতিগ্রস্ত সদস্যদের দুঃখকষ্ট লাঘবে ভূমিকা রাখছে।

আমাদের গর্বের দুটি কর্মসূচি হচ্ছে শিক্ষা সহায়তা কর্মসূচি (শিসক) ও শিক্ষা বিষয়ক বুলেটিন শিক্ষালোক। এরপর এবার সংযোজিত হল সিদীপের আরেকটি অভিনব প্রয়াস, মুক্তপাঠাগার স্থাপন। মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগারে'র শুভ সূচনা হয়েছিলো গত অর্থবছরে। এটি গ্রামপর্যায়ে সিদীপের কর্ম-এলাকায় অবস্থিত কোনো একটি স্কুল-কলেজে স্থাপন করা হয়। মূলত গ্রামে আমাদের শিক্ষসুপারভাইজারগণ পড়ুয়া লোকজনের কাছ থেকে পাঠাগারের জন্য উপহার হিসেবে বই সংগ্রহ করেন। আমাদের সংস্থা থেকে একটি বইয়ের শেলফ বানিয়ে আগ্রহী স্কুল বা কলেজে দেয়া হয় এবং

সংগৃহীত বইগুলো সে শেলফে সাজিয়ে রাখা হয়। যে কোনো শিক্ষার্থী স্কুল চলাকালে এখান থেকে তার পছন্দমতো বইটি বাড়িতে নিয়ে পড়তে পারে ও পড়া শেষে ইচ্ছেমতো রেখে দিতে পারে কোনো তদারকি ছাড়াই। এই হচ্ছে মুক্তপাঠাগারের মূল ধারণা। এ পর্যন্ত দেশের ১১টি জেলায় মোট ২৫টি স্কুলে এরূপ মুক্তপাঠাগার স্থাপিত হয়েছে। শুধু মুক্তপাঠাগার স্থাপন করাতেই আমাদের কাজ শেষ হয় না। এরপর আয়োজিত হয় শিক্ষার্থীদের মধ্য থেকে সেরা পাঠক-পাঠিকা নির্বাচন ও তাদেরকে পুরস্কার প্রদান। এভাবে মুক্তপাঠাগার বই পড়া ছাড়াও নানারকম কার্যক্রমে সারা বছরই সক্রিয় থাকে যা শিশু ও তরুণ শিক্ষার্থীদের নৈতিক ও সাংস্কৃতিক মান উন্নয়নে এবং তাদের সূজনশীলতার বিকাশে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আমাদের বিশ্বাস।

দরিদ্র পরিবারের শিশুদের জন্য পরিচালিত আমাদের শিক্ষা সহায়তা কর্মসূচিতে এ বছরে আরও ১০টি শাখায় ২০০টি শিক্ষা কেন্দ্র খোলা হয়েছে। এতে করে মোট ১৩৮টি শাখায় ২.৭১১টি শিক্ষাকেন্দ্রে এবার শিক্ষার্থীর সংখ্যা প্রায় ৬০ হাজারে পৌছেছে। কোভিড-১৯এর ধকল কাটিয়ে এ কর্মসূচি আবার পূর্ণোদ্যমে সচল হয়ে উঠেছে। আমাদের স্বাস্থ্য কর্মসূচিতে নিয়োজিত চিকিৎসকগণ ও স্বাস্থ্যসহকারিগণ প্রাথমিক স্বাস্থ্যসেবাকে গ্রামের দরিদ্র মানুষের দোরগোড়ায় পৌছে দিচ্ছেন এবং তাদেরকে স্বাস্থ্যসচেতন করে তুলতে ভূমিকা রাখছেন। সংস্থার আইটি বিভাগ নতুন নতুন উপায়ে আর্থিক ও অন্যান্য সেবা প্রাপ্তি সহজ ও তুরান্বিত করে তুলছে।

গত বছর থেকে আমাদের শিক্ষাসুপারভাইজারগণ শিসক এলাকায় তাল ও শজনে গাছ লাগানোর জন্য অভিভাবকদের উৎসাহিত করার কাজ শুরু করেছেন। তাদের কাছ থেকে সাডা পেয়ে এবার তাল ও শজনে চাষ নিয়ে একটি প্রস্তিকা প্রকাশ করা হল। প্রস্তিকাটিতে বজ্র থেকে নিরাপত্তায় তালগাছের ভূমিকা, তাল ও শজনের চাষ পদ্ধতি, এদের পুষ্টিগুণ এবং তাল ও শজনে দিয়ে বিভিন্ন খাবার তৈরি বিষয়ে লিখেছেন সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ। আমাদের দৃষ্টিতে এ বইটি সর্বসাধারণের পুষ্টি নিশ্চিতকরণে গাঁয়ে গাঁয়ে মানুষের সচেতনতা সৃষ্টিতে সহায়ক হবে।

আলোচ্য বছরে সিদীপের নতুন অফিসঘর স্থাপনের জন্য বাবর রোডে দুটি ভবনসহ জমি কেনা ও রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন হয়েছে। আশা করা যায় এ বছরের শেষ নাগাদ অফিস স্থানান্তরিত হতে পারে।

আলোচ্য বছরে আমাদের পরিচালনা বোর্ডের ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ সকল সভায় সিদীপের সকল কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে এবং বোর্ড সদস্যগণ মূল্যবান পরামর্শ ও দিকনির্দেশনা দিয়েছেন। এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য যে আলোচ্য বছরে সিদীপের সর্বশেষ অর্গানোগ্রাম অনুমোদিত হয়েছে এবং সকল স্তরের কর্মীদের জন্য নতুন বেতন ক্ষেল প্রদান করা হয়েছে। আলোচ্য বছরে ৫ জন বিশিষ্ট ব্যক্তি সিদীপের সাধারণ পরিষদে যোগ দিয়েছেন। তাছাডা সাধারণ বডির সকল সদস্যকে নিয়ে একটি বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। আমি সম্মানিত সকল সদস্যকে তাদের আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানাই।

তাছাড়া, সিদীপের এই অগ্রগতিতে যারা আমাদের সাহায্য, সহযোগিতা ও পরামর্শ দিয়েছেন, বিশেষ করে এমআরএ, পিকেএসএফ, বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক ও অন্যান্য প্রতিষ্ঠান তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই সংস্থার সকল কার্যক্রমের সকল স্তরের কর্মীদের। তাদের এই নিরলস প্রচেষ্টা অব্যাহত থাকুক। সিদীপ এগিয়ে যাক তার অভিষ্ট লক্ষ্যে।

ফজলুল বারি চেয়ারম্যান



মুখবন্ধ

সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন অ্যান্ড প্র্যাকটিসেস সফলভাবে ২৮ বছরের কার্যক্রম সম্পন্ন করেছে। ২০২২-২৩ একটি ব্যতিক্রমী পরীক্ষার বছর হিসেবে অব্যাহত ছিল এবং আমি আমার দলকে নিঃশর্তভাবে সমস্ত চ্যালেঞ্জের উর্ধ্বে ওঠার জন্য অভিনন্দন জানাই। কোভিডের সাথে স্বাস্থ্যের ধাক্কা এখনও চারপাশে লুকিয়ে আছে এবং ডেংগুর প্রাদুর্ভাব বাড়ছে। অর্থনৈতিক গতিশীলতায় পরিবর্তন, সদস্য ডাইনামিক্সে পরিবর্তন, একটি তরুণ-বয়সী প্রাণবস্ত কর্মীবাহিনী আমাদের অগ্রগতিতে অবদান রাখছে। চ্যালেঞ্জগুলো মোকাবেলা করে আমরা আমাদের কার্যক্রমসমূহকে আশাবাদী পর্যায়ে নিয়ে যাওয়ার পাশাপাশি বেশকিছু ব্যয়সঙ্কোচন করে বছরের জন্য একটি শক্তিশালী আর্থিক কর্মক্ষমতা অর্জন করেছি।

আমরা এখনও ৩.৫% ঋণগ্রহীতা বৃদ্ধি, ১৫.৫% পোর্টফোলিও বৃদ্ধি এবং ১৯.৩% সঞ্চয় বৃদ্ধির সাথে সাথে পরিমিতিসুলভ কার্যক্রম প্রহণ করতে পেরেছি। ২০টি নতুন শাখা উদ্বোধন করা হয়েছে এবং সার্বিক কর্মক্ষমতা ও সঙ্গতি অর্জনের আগ পর্যন্ত আরও নতুন শাখা খোলা বন্ধ রাখা হয়েছে। আমি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ প্রবৃদ্ধি অর্জনের অনুশীলনে গর্ববাধে করছি এবং আমাদের নতুন শাখা ব্যবস্থাপকগণ যথাযথভাবে নির্বাচিত হওয়ায় আমি আনন্দিত।

আমাদের ক্ষুদ্রঋণ নেতৃত্ব আরো দক্ষ করে তোলার লক্ষ্যে যে পরিকল্পনা গ্রহণ করেছি তার আলোকে আমরা ৩০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন মাইক্রোফাইন্যান্সের একজন নতুন প্রধানকে নিয়োগদান করেছি। মাইক্রোফাইন্যান্সের সাবেক প্রধান বর্তমানে কর্মসূচিসমূহের প্রধান হিসেবে সংস্থায় আরো বিস্তৃত ভূমিকা পালন করছেন। মানবসম্পদ বিভাগ ফিল্ড অফিসারদের সাথে সরাসরি সংযোগ রক্ষা করে তাদের চাহিদাগুলোকে আরও ভালোভাবে বোঝার জন্য ধীরে ধীরে তাদের সঙ্গে সেতুবন্ধ তৈরির প্রয়াস চালিয়ে যাচ্ছে। আমাদের অটোমেশনটি ডিজিটাইজেশন টিম দারা পরিচালিত হচ্ছে, ফিনান্স সার্বক্ষণিক কাজ করছে আর অডিট টিম নিরন্তর কাজ করে চলেছে। আমি অবশ্যই উল্লেখ করব যে, গবেষণা ও প্রকাশনা টিম আমাদের কার্যক্রম নথিভুক্ত করার পাশাপাশি আন্তর্জাতিক সংস্থাণ্ডলোর কাছে প্রকল্প-প্রস্তাব প্রস্তুত করার জন্য একটি ছোট দল গঠন করে প্রশংসনীয় কাজ করছে। এই বছরের মধ্যে আমরা আমাদের নির্দিষ্ট এজেভাগুলোকে আরও কার্যকর করার জন্য আমাদের অর্গানোগ্রাম আপডেট করেছি।

মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA), পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (PKSF), নেটওয়ার্কিং সংস্থা, ব্যাঙ্কিং এবং নন-ব্যাঙ্কিং প্রতিষ্ঠান, সেক্টরাল প্রতিনিধিদের পাশাপাশি আমাদের সাধারণ পরিষদের সদস্যদের ব্যতিক্রমী সহায়তার জন্য আমি কৃতজ্ঞ। এই বছর আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব (এফআইডি), এমআরএ-র ইভিসি এবং পিকেএসএফ-এর এমডি আলাদা অনুষ্ঠানে আমাদের ফিল্ড অপারেশন পরিদর্শন করায় আমরা সম্মান বোধ করছি। আমরা তাদের সময় প্রদান এবং সুচিন্তিত পরামর্শের মূল্যায়ন করেছি. যা আমরা ভবিষ্যতে বাস্তবায়ন করতে চাই। বর্তমান পরিচালনা পরিষদের ৩ বছরের মেয়াদ সফলভাবে সমাপ্ত হওয়ায় আমি বোর্ড সদস্যদের কাছে তাদের মেয়াাদে সক্রিয় অংশগ্রহণ এবং নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞ।

আমরা আমাদের সকল কর্মকাণ্ডে আমাদের প্রয়াত প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ ইয়াাহিয়ার চেতনা ধারণ করি। আমাদের মুক্তপাঠাগারের ব্যাপ্তি বৃদ্ধি পাচেছ এবং জনপ্রিয়তা অর্জন করছে। আমরা আমাদের প্রতিষ্ঠাতার সম্মানে এর ভূমিকা সম্প্রসারিত করতে চাই।

আগামী বছরটি আগের বছরের তুলনায় অনেক বেশি চ্যালেঞ্জিং হবে। আমরা এমনকি আরো বেশি চলার পথের সুনির্দিষ্ট অভিমুখ প্রহণ করছি। সিদীপ কর্মীরা আগামী চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত।

মিফতা নাঈম হুদা নির্বাহী পরিচালক

রপকল্প

আমাদের রূপকল্প হচ্ছে টেকসই মানব উন্নয়নের লক্ষ্যে নবধারা প্রবর্তন এবং পরিবর্তনের উদাহরণ সৃষ্টি।

উদ্দেশ্য

আমাদের উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশে ও বাইরে সুবিধাবঞ্চিত, অন্গ্রসর জনগোষ্ঠীকে পরিবেশবান্ধব টেকসই নবধারার উন্নয়ন সেবা দিয়ে ক্ষমতায়িত করে সমাজের মূলধারায় সম্পৃক্ত করা এবং পাশাপাশি ক্ষুদ্র ও ছোট <mark>উদ্যোক্তাদের আমাদের</mark> সার্বিক উন্নয়ন প্র<mark>চেষ্টা</mark>য় সহায়তা করা। আমরা বাঁচি পরের ও নিজের জন্য।

নবধারা প্রবর্তন টেকসইতা অন্তর্ভুক্তিকরণ ন্যায়পরায়ণতা সততা ও নিষ্ঠা দলবদ্ধ কাজের প্রেরণা সচ্ছতা ও দায়বদ্ধতা মানবিক মর্যাদা

পরিচালনা ও ব্যবস্থাপনা

সাধারণ পরিষদ

সংস্থার সকল কর্মকাণ্ডে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সমাজের বিভিন্ন স্তরের/পেশার স্বনামধন্য ও জ্ঞানীগুণী ব্যক্তি এবং স্ব-স্ব ক্ষেত্রে যেমন অর্থনীতি, শিক্ষকতা, চিকিৎসা, গবেষণা, ব্যবসা ইত্যাদিতে সফল, নিবেদিত ও নিঃস্বার্থভাবে দারিদ্য বিমোচন ও সামাজিক উন্নয়নে অঙ্গীকারবদ্ধ ব্যক্তি সমন্বয়ে সংস্থার দায়বদ্ধতার সর্বোচ্চ স্তর সাধারণ পরিষদ গঠিত হয়েছে।

সিদীপ-এর সর্বোচ্চ নীতি নির্ধারণী পর্যায় সাধারণ পরিষদে বর্তমানে ২৯ জন সদস্য আছেন। তাঁদের নাম নিম্লে দেয়া হলো।

জনাব ফজলুল বারি জনাব শাহজাহান ভুঁইয়া জনাব মোহাম্মদ আবদুল্ল্যাহ ডঃ আব্বাস ভূঁইয়া জনাব জি.এম. সালেহউদ্দিন আহমেদ অধ্যাপক আহমেদ কামাল অধ্যাপক সৈয়দ ফখরুল হাসান মুরাদ জনাব সৈয়দ সাঈদউদ্দিন আহ্মেদ জনাব সালেহউদ্দিন আহমেদ ডঃ এটিএম ফরিদ জনাব নার্গিস ইসলাম জনাব শামা রুখ আলম অধ্যাপক মাজেদা হুসেইন চৌধুরী জনাব মাসুদা বানু ফারুক রত্না জনাব এম খায়রুল কবীর

জনাব মাহমুদুল কবীর জনাব শফিকুল ইসলাম জনাব সালেহা বেগম অধ্যাপক ডা. নারগিস আখতার জনাব ফাহমিদা করিম জনাব ম্যালভিন এফ আলম জনাব সৈয়দ সাকিফুল হাসান জনাব যুবায়ের এম শোয়েব জনাব মোহাম্মদ রাসেল আমিন ডাঃ মুনীর আহমেদ জনাব মো: আব্দুস সাত্তার সরকার ডাঃ সাদিয়া এ চৌধুরী জনাব নাজমুস সালেহীন জনাব সোহেলীয়া নাজনীন হক



২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে সিদীপের ২৭তম বার্ষিক সাধারণ সভা সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

পরিচালনা পরিষদ

সংস্থার ৭ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে। বর্তমান পরিচালনা পরিষদে নিম্নোক্ত সদস্যবৃন্দ রয়েছেন।

চেয়ারম্যান

জনাব ফজলুল বারি

ভাইস চেয়ারম্যান

জনাব শাহজাহান ভুঁইয়া

সদস্য

জনাব শামা রুখ আলম ডঃ এটিএম ফরিদ অধ্যাপক মাজেদা হুসেইন চৌধুরী জনাব মাসুদা বানু ফারুক রত্না জনাব ফাহমিদা করিম

সচিব/নির্বাহী পরিচালক জনাব মিফতা নাঈম হুদা

২০২২-২৩ অর্থবছরে সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এভ প্র্যাকটিসেস-এর গভর্নিং বডির মোট ৫টি সভা সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।



জনাব ফজলুল বারি চেয়ারম্যান



জনাব শাহজাহান ভুঁইয়া ভাইস চেয়ারম্যান



জনাব শামা রুখ আলম সদস্য



ডঃ এটিএম ফরিদ সদস্য



অধ্যাপক মাজেদা হুসেইন চৌধুরী সদস্য



জনাব মাসুদা বানু ফারুক রত্না সদস্য



জনাব ফাহমিদা করিম সদস্য



জনাব মিফতা নাঈম হুদা সচিব

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংস্থার সার্বিক ব্যবস্থাপনা করে থাকেন। নির্বাহী পরিচালক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে নিয়োজিত কর্মকর্তাদের সাথে নিয়ে সংস্থার যাবতীয় কার্যক্রম পরিচালনা করেন। নিয়ম মাফিক মাসিক ও সাপ্তাহিক মিটিং ছাড়াও প্রয়োজনে তাৎক্ষণিকভাবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সভা অনুষ্ঠিত হয়ে থাকে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সদস্যবৃন্দের নাম ও পদবি নিম্নে দেওয়া হলো।

এক্সিকিউটিভ ম্যানেজমেন্ট টিম (ইএমটি)

কর্মকর্তার নাম	পদবি
জনাব মিফতা নাঈম হুদা	নির্বাহী পরিচালক
জনাব এস. এ. আহাদ	পরিচালক-ফাইন্যাস এন্ড ডিজিটাইজেশন
জনাব এ. কে. এম. হাবিব উল্লাহ আজাদ	পরিচালক-প্রোত্মাম
জনাব এ. কে. এম. শামসুর রহমান	জিএম এন্ড হেড অব ফাইন্যান্স এন্ড একাউন্টস
জনাব মো: ইব্রাহিম মিঞা	জিএম এন্ড হেড অব এইচআর এন্ড ওডি এন্ড এডমিনিস্ট্রেশন
জনাব সজীবুর রহমান	জিএম এন্ড হেড অব মাইক্রোফিন্যান্স প্রোগ্রাম
জনাব অমিত কুমার রায়	এজিএম এভ হেড অব ডিজিটাইজেশন
জনাব মো: আমিনুল ইসলাম	ম্যানেজার এন্ড হেড অব অডিট

উধ্বতন কর্মকর্তা

কর্মকর্তার নাম	পদবি
ডা. এ. কে. এম আব্দুল কাইয়ুম	ডিজিএম (স্বাস্থ্যসেবা কর্মসূচি)
জনাব শান্ত কুমার দাস	এজিএম (মাইক্রোফিন্যাস প্রোগ্রাম)
জনাব আবু খালেদ	এজিএম (মাইক্রোফিন্যাস প্রোগ্রাম)
জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম	এজিএম (মাইক্রোফিন্যাস প্রোগ্রাম)
জনাব আবু সালেহ নুর মহাম্মদ	এজিএম (মাইক্রোফিন্যাস প্রোগ্রাম)
জনাব দীপ কুমার রায় মৌলিক	এজিএম (আইটি)
জনাব সচ্চিদানন্দ দাস	এজিএম (ফাইন্যাস এভ একাউন্টস)
জনাব মো: বদরুল আলম	ম্যানেজার (মাইক্রো-এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট)
জনাব ফারহানা ইয়াসমিন	ম্যানেজার (ক্যাপাসিটি বিল্ডিং এন্ড অর্গানাইজেশনাল ডেভেলপমেন্ট)

প্রতিবেদনের সার-সংক্ষেপ ২০২২-২০২৩

২০২২-২০২৩ অর্থবছরটিতে যৌবনোদ্দীপ্ত আটাশ বছর পূর্ণ করে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের পথে নতুন মাইলফলক যোগ করার মাধ্যমে সিদীপ আরও এক ধাপ এগিয়ে গেল। গ্রাম পর্যায়ের প্রান্তিক দরিদ্র সুবিধাবঞ্চিত মানুষের সঙ্গে সংস্থার নানামুখী কাজের কিছু উল্লেখযোগ্য দিক সংক্ষিপ্ত আকারে এখানে তুলে ধরা হলো।

আর্থিক অন্তর্ভুক্তি ও সেবা

২০২২-২৩ অর্থবছর শেষে সিদীপের কর্মকাণ্ড ৩০টি জেলার ১৬৬টি উপজেলায় ১,৭৪৮টি ইউনিয়নে মোট ৮,০৯৫টি গ্রামে বিস্তৃতি লাভ করেছে। একই সঙ্গে ২২৬টি (২০১টি মূল ব্রাঞ্চ ও ২৫টি বড় ব্রাঞ্চের সম্প্রসারিত রূপ ব্রাঞ্চ-২ বা তাদের দ্বৈত শাখাসহ) ব্রাঞ্চের মাধ্যমে বিগত অর্থবছরের ২,৮৮,৫৭৪ জন সদস্য বৃদ্ধি পেয়ে বর্তমান বছরে ২,৯৮,৫৬৫ জনে উন্নীত হয়েছে।

বর্তমান অর্থবছরে ঋণ বিতরণ করা হয়েছে ২,৩৬৩.৮০ কোটি টাকা যা বিগত অর্থবছরে ছিল ১,৯৬১.২০ কোটি টাকা। অর্থাৎ এ বছরে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ২০.৫৩%। এ বছর সঠিক সময়ে ঋণ আদায়ের হার ৯৮.১৯%।

বিগত অর্থবছরে মোট ঋণের স্থিতি ছিল ১২৫৬.৭৯ কোটি টাকা যা বর্তমান অর্থবছরে বেড়ে দাঁড়িয়েছে ১৪৫১.৫৬ কোটি টাকা। অর্থাৎ গত বছরের তুলনায় ঋণস্থিতিও বৃদ্ধি পেয়েছে ১৫.৫০%।

বিগত অর্থবছরে মোট সঞ্চয়ের পরিমাণ ছিল ৪৬৯.৩৪ কোটি টাকা। বর্তমান অর্থবছরে আরও ৯০.৫৬ কোটি টাকা বৃদ্ধি পেয়ে মোট সঞ্চয়ের স্থিতি ৫৫৯.৯০ কোটি টাকায় উন্নীত হয়েছে।

বিগত অর্থবছরে খেলাপির পরিমাণ ছিল ৬০.১৫ কোটি টাকা। এ অর্থবছর শেষে মোট খেলাপি ঋণের পরিমাণ হয়েছে ৬৩.১৩ কোটি টাকা–যা মোট ঋণস্থিতির ৪.৩৫%।

জুন ২০২৩ পর্যন্ত সংস্থার কু-ঋণ সঞ্চিতি খাতে ৭০.০৫ কোটি টাকা হিসাবভুক্ত করে রাখা হয়েছে। বর্তমান খেলাপির পরিমাণ কু-ঋণ সঞ্চিতির ৯০.১২%।

ব্রাঞ্চণ্ডলোয় কার্যক্রমের পরিমাণগত বৃদ্ধির সঙ্গে কর্মীদের কাজের মানও বৃদ্ধি পেয়েছে।

এ অর্থবছর শেষে ব্রাঞ্চ-প্রতি ঋণস্থিতি দাঁড়িয়েছে ৬.৪২ কোটি টাকা। একইভাবে ব্রাঞ্চ-প্রতি সঞ্চয়ের স্থিতি দাঁড়িয়েছে ২.৪৮ কোটি টাকা। অন্যদিকে এ বছরে প্রতি মাঠকর্মীর ঋণস্থিতি দাঁড়িয়েছে ১.১৪ কোটি টাকা এবং প্রতি মাঠকর্মীর সঞ্চয় স্থিতি দাঁড়িয়েছে ৪৮.৪৮ লক্ষ টাকা।

শিক্ষা বিষয়ক কর্মসূচি

বর্তমানে ১৩৮টি শাখায় শিক্ষা সহায়তা কর্মসূচিতে ২,৭১১টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে সুবিধাবঞ্চিত পরিবারের ১ম, ২য় ও প্রাকপ্রাথমিক শ্রেণির প্রায় ৫৮ হাজার শিশুকে স্কুলের পড়া তৈরিতে পাঠসহায়তা দেওয়ার পাশাপাশি সিদীপ শিশুদের মানসিক, শারীরিক, নৈতিক ও বুদ্ধিবৃত্তিক বিকাশে কাজ করছে।

স্বাছ্যসেবা কর্মসূচি

এ অর্থবছরে স্বাস্থ্যসেবা কর্মসূচির আওতায় ১৯টি জেলায় ১১৯টি ব্রাঞ্চের মাধ্যমে ৪,৮০৬ জন শিশুসহ সর্বমোট ২২৬,৮৭৯ জন রোগীকে নানা ধরনের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।

সমৃদ্ধি কর্মসূচি

পিকেএসএফের তত্ত্বাবধানে এ বছরও ব্রাহ্মণবাড়িয়ায় ২টি ইউনিয়নে ২টি 'সমৃদ্ধি' কর্মসূচি বাস্তবায়ন হচ্ছে–যার মূল কথা উন্নয়নের কেন্দ্রে মানুষ।

তথ্য-প্রযুক্তির ব্যবহার ও বিষ্ণৃতি

সিদীপ তার মাসিক সদস্যদের জন্য মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস "নগদ" ব্যবহার করে মাসিক সঞ্চয় ও ঋণের কিস্তি প্রদানের সুবিধা চালু করেছে যা সদস্যদের জন্য চার্জবিহীন। কাগজবিহীন অফিসের ধারণাকে বহন করে ডিজিটাইজেশন বিভাগ প্রতিনিয়ত নতুন নতুন সমাধান তৈরি করছে।

মানবসম্পদ ও প্রশিক্ষণ

এ অর্থবছর শেষে মোট জনবল ৫,৪৬৫ জন হয়েছে। বিভিন্ন পর্যায়ে ৫৪৭ জনকে নিয়োগ, ২৯৪ জনকে পদোন্নতি এবং ৪৬১ জনকে স্থায়ী করা হয়েছে। এছাড়া ৬৩,৭৮৯ জনকে নানরকম প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

গবেষণা ও প্রকাশনা

এ অর্থবছরে একটি আন্তর্জাতিক নিউজলেটারে একটি গবেষণামূলক প্রবন্ধ ছাপা হয়েছে। সিদীপের নিয়মিত প্রকাশনা শিক্ষালোকের ৪টি সংখ্যা প্রকাশিত হয়েছে। বজ্র থেকে নিরাপত্তা ও সর্বসাধারণের পুষ্টি নিশ্চিতকরণের লক্ষ্যে গাঁয়ে গাঁয়ে তাল ও শজনে চাষ' শীর্ষক একটি বই প্রকাশ করা হয়েছে।

মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার

"হাতে হাতে বই, আলোর যাত্রী হই" এই প্রতিশ্রুতি বুকে ধারণ করে ১১টি জেলায় সংস্থার কর্ম-এলাকায় অবস্থিত ২৫টি স্কুল/কলেজে এ পর্যন্ত মোট ২৫টি (গত অর্থবছরের দুটিসহ) 'মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার' পাঠগার স্থাপন করা হয়েছে। যেখানে পাঠ-প্রতিযোগিতার মাধ্যমে সেরা পাঠক-পাঠিকা নির্বাচন করে ছাত্রছাত্রীকে বই পুরস্কার দেয়া হয়। পাঠাগারকে জনপ্রিয় করে তোলার রক্ষ্যে পাবনার কাশিনাপুরে স্থানীয় পাঠাগার প্রতিনিধিদের অংশগ্রহণে এবার একটি স্থানীয় পাঠাগার সম্মেলন আয়োজন করা হয়েছে।

কৈশোর কর্মসূচি

পিকেএসএফ-এর সহায়তায় সংস্থার পরিচালনায় ব্রাক্ষণবাড়িয়া, নারায়ণগঞ্জ ও মানিকগঞ্জ জেলায় কৈশোর কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে তরুণ প্রজন্মকে নৈতিক ও সাংস্কৃতিক চেতনায় ঋদ্ধ করার উদ্যোগ চলছে।

নিরীক্ষা কার্যক্রম

সিদীপের বার্ষিক সাধারণ সভায় নিয়োগকৃত বহিঃনিরীক্ষক বছরান্তে সংস্থা অডিট করেছে। এছাড়া পিকেএসএফ তার অভ্যন্তরীণ ও তাদের নিয়োগকৃত বহিঃনিরীক্ষকের মাধ্যমে 'সিদীপ'-এর অডিট করেছে। সিদীপের অভ্যন্তরীণ নিরীক্ষার মাধ্যমে এ অর্থবছরে সংস্থার ব্রাঞ্চে ২৪২টি সাধারণ অডিট এবং ২১৭টি সার্বিক অডিট সম্পন্ন হয়েছে।

সংস্থার আর্থিক অবস্থা

এ বছরে সংস্থার আর্থিক স্বয়ম্ভরতা অর্জিত হয়েছে ১২৩.৯৫% যা বিগত বছরে ছিল ১৩২.১৭%।

এ অর্থবছরে সর্বমোট আয় হয়েছে ৩৬৪.৬৭ কোটি টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ২৭৯.৭৫ কোটি টাকা। ফলশ্রুতিতে এ অর্থবছরে উদ্বত্ত তৈরি হয়েছে ৮৪.৯২ কোটি টাকা।

এ অর্থবছর শেষে সংস্থার ক্ষুদ্রঋণে সর্বমোট বিনিয়োগ দাঁড়িয়েছে ১৪৫১.৫৭ কোটি টাকা (আসল)। এছাড়া ব্যাংকে স্থায়ী আমানত, গভ. ট্রেজারি বন্ড এবং এসটিডি হিসাবে বিনিয়োগকৃত ১১৬.৫৮ কোটি টাকাসহ এ অর্থবছরে সর্বমোট বিনিয়োগ দাঁড়িয়েছে ১৫৬৮.১৫ কোটি টাকা।

জুন ২০২৩এ সিদীপের মোট দায় রয়েছে ১৩১১.১৪ কোটি টাকা এবং এর বিপরীতে সংস্থার সম্পত্তি দাঁড়িয়েছে ১৭৩৬.৮৯ কোটি টাকা। এক্ষেত্রে দায়-সম্পত্তির হার ৭৫.৪৯% যা বিগত বছরে ছিল ৭৬.১৬%। বর্তমানে সংস্থার তহবিল পর্যাপ্ততা ২৮.৫৭% যা বিগত জুন ২০২২এ ছিল ২৭.৯০%।

জাতিসংঘ প্রণীত টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে সিদীপ

SUSTAINABLE GALS DEVELOPMENT GALS





























সিদীপের কার্যক্রম আর্থিক সেবা





নতুন এলাকায় ২০টি ব্রাঞ্চ বৃদ্ধির মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালনা

७ ०ि	১৬৬ ₽	Ა ঀ8৮€	৮০৯৫৳	২২৬ _{টি}
জেলা	উপজেলা	ইউনিয়ন/পৌরসভা	গ্রাম	ব্রাঞ্চ

আর্থিক অন্তর্ভুক্তি

সিদীপ শুরু থেকেই দারিদ্র্য দূরীকরণে লক্ষ্যিত জনগোষ্ঠির আর্থিক সক্ষমতা এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের নিজস্ব উদ্যোগ/কর্মকাণ্ডের উপর ভিত্তি করে সময়োপযোগী বিভিন্ন ধরনের ঋণসেবা প্রদান করে আসছে। যেমন: জাগরণ ঋণ, অগ্রসর ঋণ, বুনিয়াদ ঋণ, সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে আয়বৃদ্ধিমূলক কার্যক্রম ঋণ, জীবনযাত্রার মান উন্নয়ন ঋণ, সম্পদ সৃষ্টি ঋণ, সুফলন ঋণ, সোলার ঋণ, জীবনমান উন্নয়ন ঋণ, এসএমএপি ঋণ, ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ, স্যানিটেশন উন্নয়ন ঋণ, সদস্যদের আর্থিক সক্ষমতা বদ্ধির লক্ষ্যে "বিবর্তন" ঋণ, জনস্বাস্থ্যের উন্নয়ন ও পুনরুজ্জীবিত করার লক্ষ্যে BD Rural Water Sanitation and Hygiene for Human Capital Development Project Loan I

এছাড়া সুস্বাস্থ্য নিশ্চিত করার জন্য সিদীপ নিজস্ব অর্থায়নে Water and Sanitation (WCAD Model) ঋণ কার্যক্রম চালু করেছে। দারিদ্যু দূরীকরণে লক্ষ্যিত জনগোষ্ঠির স্বাস্থ্যের উন্নয়ন ও পুনরুজ্জীবনের জন্য ঋণসহায়তা প্রদান করে, যার মাধ্যমে সংস্থা ২৬,৬৬,৫৪,০০০ টাকা বিতরণ করে ৩,৩১৫টি ল্যাট্রিন স্থাপন করেছে।

বিভিন্ন এলাকায় ছড়িয়ে ছিটিয়ে থাকা অভিজ্ঞ উদ্যোক্তাদেরকে স্বাবলম্বী করার জন্য তার নিজস্ব বিনিয়োগের পরিমাণ এবং প্রকল্পে কী পরিমাণ ঋণ চাহিদা আছে তার উপর ভিত্তি করে ঋণ প্রদান করা হয়।

তবে অতিমারি কোভিড-১৯ এবং রুশ-ইউক্রেন যুদ্ধ অস্বাভাবিক বিশ্ব-অর্থনৈতিক পরিস্থিতির সৃষ্টি করেছে। এর বিরূপ প্রভাব থেকে বাংলাদেশও বাদ যায়নি। ফলে মুদ্রাস্ফীতি ও অনেকক্ষেত্রে ব্যবসাবাণিজ্যে মন্দাভাব বিরাজ করায় অনেক সদস্যের আয় কমে গেছে। এর প্রভাব পড়েছে সদস্যদের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে। যাদের প্রকল্প নষ্ট হয়ে গেছে তারা নতুন করে প্রকল্প শুরু করার মত আর্থিক সক্ষমতা হারিয়ে ফেলেছে। যারা কৃষি কাজের সাথে জড়িত তাদের কষি কাজে বিনিয়োগ করার মত পুঁজিও হাতে ছিল না। বৈশ্বিক মন্দার কারণে অনেক প্রবাসী কর্মী প্রবাসে তাদের কাজ হারিয়ে মানবেতর জীবন যাপন করছেন। তাদেরকে পুনর্বাসন করার জন্য পিকেএসএফ ও বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় Livelihood Restoration Ioan (LRL), আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম ঋণ (RRSL) এবং পিকেএসএফের সহযোগিতায় MDP-AF এই তিনটি ঋণ প্রোডাক্টের মাধ্যমে সহযোগিতা করা হচ্ছে। এই ঋণের মাধ্যমে তারা নতুন করে প্রকল্পের কাজ শুরু করে স্বাবলম্বী হতে চেষ্টা করছেন এবং প্রকল্পের কাজ শুরু হওয়ায় কিছু সংখ্যক লোকেরও কর্মসংস্থান হয়েছে। কৃষি কাজে এই ঋণ বিনিয়োগ করার ফলে কৃষির উৎপাদন ভাল হয়েছে।

ঋণ কার্যক্রমের বিভিন্ন সূচকের অনুপাত বিশ্লেষণ

সিদীপ ক্ষুদ্রঋণ কার্যক্রমের পরিধি ও সংখ্যাগত পরিমাণ বৃদ্ধির পাশাপাশি গুণগত মানকেও আপোশহীনভাবে গুরুত্ব দিয়ে থাকে। গত অর্থবছরের সাথে চলতি অর্থবছরের ঋণকার্যক্রমের বিভিন্ন সূচকের

পরিমাণগত ও গুণগতমানের তুলনামূলক চিত্র এবং উৎপাদনশীলতা নিম্নে উপস্থাপন করা হলো।

ক্র.	<u></u>	ক্রমপুঞ্জিভূ	ত অবস্থান	বৰ্তমান	
নং	বিবরণ	অর্থবছর ২০২ ১ -২০২২	অর্থবছর ২০২২-২০২৩	অর্থবছরে হ্রাস/বৃদ্ধি	মন্তব্য
>	OTR (On Time Recovery Rate)	৯৯.০৯	केट. उक	-0.5	চলতি অর্থবছরেও বৈশ্বিক অতিমারি কোভিড-১৯ এবং রাশিয়া ও ইউক্রেন যুদ্ধের কারণে কর্মসূচি পরিচালনায় বিভিন্ন সমস্যা হলেও সকলের আন্তরিক প্রচেষ্টার কারণে উৎপাদনশীলতায় তেমন নেতি বাচক প্রভাব পড়েনি।
২	CRR (Cumulative Recovery Rate)	৯৯.৩৬	১৯.৪৫	০.০৯	-
•	PAR (Portfolio at Risk)	৫.৩৬	৫.২৬	-0.5	এ
8	মোট কর্মী : এফও (%)	৬০.৬৯	৫১.৩৩	-৯.৩৬	ঐ
¢	সদস্য: ঋণী (%)	৮২.৩৬	৮৩.৭০	٥٥.٤	-
৬	কর্মী প্রতি সদস্য	২৩৯.২৮	264.60	১৯.২২	এ অর্থবছরে ২০টি নতুন ব্রাঞ্চ খোলাতে কর্মী : সদস্য তুলনামূলক ভাবে অগ্রগতি কম হয়েছে।
9	কর্মী প্রতি ঋণী	১৯৭.০৮	২১৬.৩৫	১৯.২৭	এ অর্থবছরে ২০টি নতুন ব্রাঞ্চ খোলাতে কর্মী : ঋণী তুলনামূলকভাবে গড় অগ্রগতি কম হয়েছে।
ъ	কর্মী প্রতি সঞ্চয় (লক্ষ টাকা)	৩৮.৯২	86.86	৯.৫৬	-
৯	কৰ্মী প্ৰতি ঋণস্থিতি (কোটি টাকা)	\$.08	১.২৬	0.22	-
20	ঋণস্থিতির বিপরীতে সঞ্চয়ের হার	৩৭.৩৪	৩৮.১৬	0.52	এ অর্থ বছরে ২০টি নতুন ব্রাঞ্চ খোলাতে সঞ্চয় : ঋণস্থিতি তুলনামূলকভাবে গড় অগ্রগতি কম হয়েছে।
77	ঝুঁকিপূৰ্ণ ঋণী (%)	\$0.50	৯.৯৮	-0.69	-

নোট: মাইক্রোক্রেডিট প্রোগ্রামের সর্বমোট কর্মী ২,২৫০ জন , মোট মাঠকর্মী ১২৭৩ জন এবং দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মীর সংখ্যা ১,১৫৫ জনকে নিয়ে সূচকের অনুপাত বিশ্লেষণ বের করা হয়েছে।

ঋণ কার্যক্রমের অগ্রগতি

২০২১-২২ অর্থবছরের তুলনায় ২০২২-২৩ অর্থবছরে অর্জিত অগ্রগতি নিম্নে উপস্থাপন করা হলো:

ক্র. নং	বিবরণ	অবস্থান: জুন ২০২২	অবস্থানঃ জুন ২০২৩	হ্রাস/বৃদ্ধি	হ্রাস/বৃদ্ধির হার
2	ব্রাঞ্চ	২০৬	২২৬	২০	৯.৭১%
২	মোট স্টাফ	১,৯৮৭	২২৫০	২৬৩	১৩.২৪%
•	মোট মাঠ কর্মী (এফও)	১,২০৬	১,২৭৩	৬৭	৫.৫৬%
8	সদস্য সংখ্যা	২,৮৮,৫৭৪	২,৯৮,৫৬৫	৯,৯৯২	৩.৪৬%
¢	ঋণী সংখ্যা	২,৩৭,৬৭৪	২,৪৯,৮৮৯	১ ২,২১৫	¢.\$8%
৬	মোট সঞ্চয়স্থিতি (কোটি টাকা)	৪৬৯.৩৪	০৫.৯৩	৯০.৫৬	১৯.২৯%
٩	মোট ঋণস্থিতি (কোটি টাকা)	১,২৫৬.৭৯	১,৪৫১.৫৬	১৯৪.৭৭	\$6.60%
ъ	বকেয়া (জন)	২৫,৭৯১	২৪,৯৪২	(৮৪৯)	-৩.২৯%
৯	বকেয়া (কোটি টাকা)	৬০.১৫	৬৩.১৩	২.৯৮	8.৯৫%
20	মোট বিতরণ (কোটি টাকা)	১,৯৬১.২০	২,৩৬৩.৮০	8०२.७०	২০.৫৩%
77	প্রতি টাকা ঋণ বিতরণের ব্যয়	0.08	0.08	-	0.00%
> 2	কার্যক্রম স্বয়ম্ভরতা	১২৩.৬৯%	১৩৬.৫৪	১২.৮৫	১০.৩৯%

নোট: এ অর্থবছরে নতুন ২০টি ব্রাঞ্চ সম্প্রসারিত করায় ব্রাঞ্চ সংখ্যা দাঁড়িয়েছে ২০১টি। বিভক্তিকরণ ২৫টি ব্রাঞ্চসহ সিদীপের মোট ব্রাঞ্চ সংখ্যা ২২৬টি।

বিভিন্ন ধরনের আর্থিক সেবা

সিদীপ সদস্যদের ঋণের চাহিদা বিবেচনা করে এবং তাদের বাস্তব অবস্থার নিমিত্তে বিভিন্ন ধরনের ঋণ বিতরণ করে থাকে। খাতভিত্তিক বিভিন্ন ঋণের বিতরণ তথ্য নিম্নে উপস্থাপন করা হলো।

ক্র.		জুলাই '২১ হ	তে জুন '২২ পৰ্যত	য় ঋণ বিতরণ	জুলাই '২২ হতে জুন '২৩ পর্যন্ত ঋণ বিতরণ			
অ: নং	বিবরণ	জন	ঋণ বিতরণ (কোটি টাকা)	ঋণস্থিতি (কোটি টাকা)	জন	ঋণ বিতরণ (কোটি টাকা)	ঋণস্থিতি (কোটি টাকা)	
۵	জাগরণ (সাধারণ)	\$,00,608	৬০৪.৪৮	৩৬৫.৩২	১,৩৫,২৯৪	৭২৩.০৩	৩৯৮.৬৬	
২	অগ্রসর (উদ্যোক্তা)	৭৫,৮৩০	১,১৭৪.৭৩	৭৬৯.০৮	৮২,০৩১	১,৪৩৪.১৬	১১০.৯১	
•	বুনিয়াদ (হতদরিদ্র)	১,৩০১	২.২৯	১.৩৯	১,৮২২	২.৮১	১.৫২	
8	সুফলন (মৌসুমী)	৫,২০৯	\$8.00	৬.৩১	৫,৩৭৯	১৬.০০	১৩.৯৪	
œ	এসএমএপি (কৃষিখাত)	১৩,৮৬২	8\$.9&	২৫.১৫	٩,১৮٩	83.93	২৭.৭৪	
৬	সমৃদ্ধি-আইজিএ	১,৩৮০	৮.৩৭	৫.১৬	১,৩০২	৮.২২	8.98	
٩	সোলার	0	0	٥.٥٤	o	o	o	
ъ	জীবনমান উন্নয়ন ঋণ (SLDP)	১১,৪৩৯	২৪.৯৭	১৬.৮৬	১৭,৯৩০	৩৯.৮৭	২৩.৮১	
৯	ক্ষুদ্র উদ্যোগ উন্নয়ন প্রকল্প ঋণ (MDP-AF)	>,०৫०	৩১.২৫	২০.০৯	\$,২००	৩৮.৫৯	২৭.৩৩	
20	স্যানিটেশন উন্নয়ন ঋণ (SDL)	0	0	0	0	0	0	
77	Livelihood Restoration loan (LRL)	১,২৭৩	৭.৩8	৩.৬৪	\$,888	৯.১২	8.28	
35	আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম ঋণ (RRSL)	৬০	०.२४	০.৭৬	৫,৬১০	७ ०.००	₹8.08	
20	WS-WCAD	১০,২৮৬	২৬.৬৭	১৯.২১	o	0	১.৩৯	
\$8	BD Rural WASH for HCD project	৩৯	0.30	0.30	৩,৬১৩	٩.٩২	<i>٠.</i> ১٩	
26	বিবর্তন ঋণ	১,৯৯৯	২৫.০০	২৩.৭৩	৯৭৩	১ ২.৫৭	৮.০৬	
১৬	সুপার-লোন	o	0	0	۵	٥.٥٥	٥.٥٥	
	মোট	২,৫৪,২৬২	১,৯৬১.২০	১,২৫৬.৭৯	২,৬৩,৭৮৬	২,৩৬৩.৮০	১,৪৫১.৫৬	

খাতভিত্তিক বিভিন্ন ধরনের আর্থিক সেবাসমূহ বিশ্লেষণে দেখা যায় ২০২১-'২২ অর্থবছরের তুলনায় ২০২২-'২৩ অর্থবছরে ঋণী সংখ্যা, ঋণ বিতরণের পরিমাণ ও ঋণস্থিতি বৃদ্ধি পেয়েছে। জাগরণ ঋণবিতরণ সংখ্যা ৪,৭৬০. ঋণবিতরণ (কোটি টাকায়) ১১৮.৫৫. ও ঋণস্থিতি (কোটি টাকায়) ৩৩.৩৪। অগ্রসর ঋণবিতরণ সংখ্যা ৬,২০১, ঋণবিতরণ (কোটি টাকায়) ২৫৯.৪৩, ও ঋণস্থিতি (কোটি টাকায়) ১৪৩.৪১। বুনিয়াদ ঋণবিতরণ সংখ্যা ৫২১, ঋণবিতরণ (কোটি টাকায়) ০.৫২ ও ঋণস্থিতি (কোটি টাকায়) ০.১৩। ক্ষুদ্র উদ্যোগ উন্নয়ন প্রকল্পর (MDP-AF) ঋণবিতরণ সংখ্যা ১৫০, ঋণবিতরণ (কোটি টাকায়) ৭.৩৪ ও ঋণস্থিতি (কোটি টাকায়) ৭.২৪। সমৃদ্ধি-আইজিএ ঋণবিতরণ সংখ্যা (৭৮), ঋণবিতরণ (কোটি

টাকায়) (০.১৫) ও ঋণস্থিতি (কোটি টাকায়) ০.৪২। জীবন মান উন্নয়ন ঋণ (SLDP) ঋণ বিতরণ সংখ্যা ৬,৪৯১, ঋণ বিতরণ (কোটি টাকায়) ১৪.৯০ ও ঋণস্থিতি (কোটি টাকায়) ৬.৯৫। LRL ঋণবিতরণ সংখ্যা ১৭১, ঋণবিতরণ (কোটি টাকায়) ১.৭৮ ঋণস্থিতি (কোটি টাকায়) ০.৬০। RRSL ঋণ বিতরণ সংখ্যা ৫,৫৫০, ঋণবিতরণ (কোটি টাকায়) ২৯.৭২ ও ঋণস্থিতি (কোটি টাকায়) ২৩.২৮। পাশাপশি সুফলন ও এসএমএপি ঋণের চাহিদাও অনেক বৃদ্ধি পেয়েছে। সকল খাতের পর্যবেক্ষণে দেখা যায়, বিগত বছরের তুলনায় এ বছরে ঋণবিতরণ সংখ্যা ৯,৫২৪ ঋণবিতরণ (কোটি টাকায়) ৪০২.৬০ এবং ঋণস্থিতি (কোটি টাকায়) ১৯৪.৭৭ বৃদ্ধি পেয়েছে।

চলতি অর্থবছরে ঋণ কার্যক্রমের মাসওয়ারি সার্বিক তথ্য

			সঞ্চয় স্থিতি	মাসের ঋণ বিতরণ	ঋণস্থিতি (আসল).	খেলাপি স্থিতি (আসল)	
মাসের নাম	মোট সদস্য	ঋণী সংখ্যা	(কাটি টাকায়) (আসল) (কোটি টাকায়)		(কোটি টাকায়)	জন	টাকা (কোটি)
জুলাই '২২	২,৮৯,৩৫৪	২,৩৭,২৭১	890.२४	১ ২৩.৮০	১,২২২.৪৮	২৫,৪৯১	৩৫.৫୬
আগস্ট '২২	২,৯২,২১২	২,৩৮,৩৮৪	899.\$@	২০২.৮৩	১,২৫৩.২৬	২৫,১১৪	৫৯.৪৫
সেপ্টেম্বর '২২	২,৯৪,৪০১	২,৩৮,৭২১	8৮২.৯o	১৯৯.৫০	১,২৭৬.৯৬	২৪,৯২১	৫৯.৪২
অক্টোবর '২২	২,৯৭,৩৫০	২,৪০,১৩১	866.90	১৯৬.৮৯	১,২৯৯.২৬	২৪,৬৮৩	৫৯.৬৩
নভেম্বর '২২	२,৯৭,२১०	২,৪২,৩৩৭	৪৯৪.৩৮	২১৬.৭১	১,৩৩২.৭৩	২৪,৩৯৩	৫৯.৯১
ডিসেম্বর '২২	২,৯৭,৬৪৬	২,৪২,৭১১	৪৯৯.৯১	১ ৮২.৬8	\$,000.86	২৪,২৬৭	৬০.৩৭
জানুয়ারি '২৩	২,৯৯,০৬০	২,৪৫,০৮৩	ረ ୬.୬୦୬	২১৭.৮৯	১,৩৬৬.৫০	২ 8,8 ১১	৬১.৪৬
ফেব্রুয়ারি '২৩	৩,০০,৭২৮	২,৪৬,৮৪৫	%\$0. 50	১৯৮.৪৯	3,088.06	২ 8,২०8	৬২.৪৪
মাৰ্চ '২৩	७,०১,१৫২	২,৪৬,৯৫১	৫২২.০৩	২০৩.৪১	১,৪০০.৪৯	২৪,০৩৭	৬৩.৪২
এপ্রিল '২৩	৩,০১,৭৩৭	২,৪৬,৯৭৩	<i>৫২</i> ৬.০০	\$\$5.₽¢	১,৪০২.১৯	२८,८०४	৬৫.০৩
মে '২৩	২,৯৭,২২২	২,৪৭,৯৮১	৫৩০.৪৭	২০৪.৩৬	১,৪০৬.৮৩	২৪,৪৭৬	৬৩.৯৬
জুন '২৩	২,৯৮,৫৬৫	২,৪৯,৮৮৯	৫৫৩.৮৫	২৩৫.৪৩	১,৪৫১.৫৬	২৪,৯৪২	৬৩.১৩

নতুন ঋণ প্রোডাক্ট ও অগ্রগতি পর্যালোচনা

টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রাগুলোর মধ্যে এসডিজি ৬: সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা । এর আওতায় দুইটি মূল লক্ষ্য রয়েছে: (১) ২০৩০ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ ও সামর্থ্যাধীন (স্বল্পমূল্যের) খাবার পানিতে সর্বজনীন ও সমতাভিত্তিক অভিগম্যতা অর্জন এবং (২) ২০৩০ সালের মধ্যে সকলের জন্য পর্যাপ্ত ও সমতাভিত্তিক স্যানিটেশন ও স্বাস্থ্যবিধিসম্মত জীবনরীতিতে অভিগম্যতা নিশ্চিত করা এবং নারী ও বালিকাসহ অরক্ষিত পরিস্থিতিতে বসবাসকারী জনগোষ্ঠির চাহিদার প্রতি বিশেষ দৃষ্টি রেখে খোলা জায়গায় মলত্যাগের অবসান ঘটানো। এ লক্ষ্যদ্বয়কে বিবেচনায় রেখে সিদীপ BD Rural Water Sanitation and Hygiene for Human Capital Development Project Loan কার্যক্রম চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ ঋণের মাধ্যমে দারিদ্র্যদ্রীকরণে লক্ষ্যিত জনগোষ্ঠির স্বাস্থ্যের উন্নয়ন ও তাদেরকে পুনকজ্জীবিত করার লক্ষ্যে ঋণ সহায়তা প্রদান করা হয়। এই ঋণের আওতায় জুন '২৩ পর্যন্ত উক্ত ঋণ বাবদ ৩,৬৫২ জনকে ৭৮,০০০,০০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যার ঋণস্থিতি ৫১,৬৭১,৭৬২ টাকা।

খেলাপি স্থিতি (আসল)

গত বছরের তুলনায় এ বছর খেলাপির পরিমাণ হ্রাস পেয়েছে ৮৪৯ জন এবং টাকার পরিমাণ একটু বৃদ্ধি পেয়েছে যার পরিমাণ ২.৯৮ কোটি। খেলাপি ঋণ আদায়ের জন্য সংস্থা বছরব্যাপি নানামুখী উদ্যোগ ও কর্মসূচি গ্রহণ করেছে যা অব্যাহত আছে। এ বছরেও সকল পর্যায় থেকে জোরালো পদক্ষেপ গ্রহণের ফলে খেলাপি অনেকটাই

নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। বছর শেষে মোট খেলাপির পরিমাণ ২৪,৯৪২ জন, টাকার পরিমাণ ৬৩.১৩ কোটি। এর বিপরীতে ঋণক্ষয় সঞ্চিতি করা আছে ৭০.০৫ কোটি টাকা। এ বছর ১০১ জনের বিপরীতে ২৫,০৯,৪১৮ টাকা ঋণ অবলোপনের জন্য পরিচালনা পর্যদ কর্তৃক অনুমোদন করা হয়েছে।

সঞ্চয় সেবা কার্যক্রম

দরিদ্র জনগোষ্ঠিকে সঞ্চয়ে উদ্বন্ধ করার পাশাপাশি তাদের প্রদত্ত সঞ্চয় জমার মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একত্রিত করে সদস্যদের পুঁজি গঠনের লক্ষ্যে সংস্থায় নিম্নোক্ত পাঁচ ধরনের সঞ্চয় প্রোডাক্ট চালু রয়েছে।

বাধ্যতামূলক সঞ্চয় (সাধারণ): সমিতির সাপ্তাহিক সভায় কিস্তির সাথে এবং যারা মাসিক সদস্য তারা মাসিক কিস্তির সাথে জমা করে থাকেন।

ষ্বেচ্ছা সঞ্চয়: সদস্যগণ সাপ্তাহিক ও মাসিক কিস্তির সাথে তাদের ইচ্ছা ও আর্থিক সক্ষমতা অনুযায়ী সঞ্চয় জমা করতে পারেন, এছাড়াও যে কোন সময় যে কোন পরিমাণ টাকা সঞ্চয় হিসাবে জমা করার পাশাপাশি সমিতির সভায় এক কিন্তির সমপরিমাণ এবং অফিস চলাকালীন সময়ে অফিসে এসে প্রয়োজন অনুযায়ী উত্তোলন করতে পারেন।

মাসিক মেয়াদী সঞ্চয় (MTS): সদস্যগণ ১০০ টাকা থেকে গুণিতক হারে একটি নির্দিষ্ট মেয়াদের জন্য সঞ্চয় হিসাব খুলতে পারেন। এই সঞ্চয় সাপ্তাহিক সদস্যগণ মাসের ১-১৫ তারিখের মধ্যে এবং মাসিক সদস্যগণ মাসিক কিন্তি প্রদানের সময় জমা করে থাকেন।

ছায়ী আমানত হিসাব (এফডিআর): নির্দিষ্ট মেয়াদে এককালীন জমা করার জন্য সদস্যগণ একটি হিসাব খুলতে পারেন। নির্দিষ্ট মেয়াদের জন্য হিসাব খুললেও সদস্যের জরুরি প্রয়োজনে যে কোন সময় হিসাবটি বন্ধ করে তিনি টাকা উত্তোলন করতে পারেন। এইক্ষেত্রে সংস্থার নিয়ম অনুযায়ী মুনাফা প্রাপ্য হবেন।

ডাবল মুনাফা ও মাসিক মুনাফা সঞ্চয় স্কীম: সংস্থার ঋণ তহবিল ব্যবস্থাপনাকে আরো শক্তিশালী ও সুসংগঠিত করার লক্ষ্যে ও বর্তমানে সদস্যদের সঞ্চয়ী চাহিদার প্রতি গুরুত্ব দিয়ে আমাদের প্রচলিত চার ধরনের সঞ্চয়ের পাশাপাশি আরো দুই প্রকার সঞ্চয় চালু করা হয়েছে। যেমন: ১. ডাবল মুনাফা সঞ্চয় স্কীম ২. মাসিক মুনাফা সঞ্চয় স্কীম। প্রোডাক্টভিত্তিক সঞ্চয় বৃদ্ধির পরিমাণ নিম্নে উল্লেখ করা হলো।

২০২২-২০২৩ অর্থবছরে সঞ্চয়ের প্রোডাক্ট অনুযায়ী অগ্রগতির তথ্য

ক্র.		অগ্রগতির ক্রমণ	পুঞ্জিভূত অবস্থান	বর্তমান অর্থবছরে		
নং	বিবরণ	জুন ২০২২ (কোটি টাকা)	জুন ২০২৩ (কোটি টাকা)	হ্রাস/বৃদ্ধি	অগ্রগতির হার%	
7	বাধ্যতামূলক সঞ্চয় (সাধারণ)	২৭৪.৫৭	৩১ ০.২৭	৩৫.৭	٥٥.٥١%	
٧	স্বেচ্ছা সঞ্চয়	৬৮.৩৫	৭৮.৫২	۶٥.১٩	\$8.55%	
9	মেয়াদী সঞ্চয় (মাসিক MTS)	১০৭.৪৯	১৩৩.১২	২৫.৬৩	২৩.৮৫%	
8	স্থায়ী আমানত হিসাব (এফডিআর)	\$9.84	১ ২.৭১	-2.60	-১২.৫৯%	
¢	ডাবল মুনাফা সঞ্চয় স্কীম	-	\$ ২.৭৭	\$ ২.৭৭	0	
૭	মাসিক মুনাফা সঞ্চয় স্কীম	-	৬.৪৬	৬.৪৬	0	
	মোট	8৬8.৯৫	৫৫৩.৮৫	૦໔.૪૪	১৯.১২%	

সদস্য সুরক্ষায় সিদীপ

সদস্য বা সদস্যের স্বামী বা তার ঋণের পারিবারিক আইনানুগ অভিভাবক মৃত্যুবরণ করলে ক্ষুদ্রঝুঁকি ও সদস্য কল্যাণ তহবিলে যে টাকা আদায় হয় তা থেকে দাফন-কাফন এবং অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদনের জন্য ৫,০০০ টাকা নগদ প্রদান করা হয়। সংস্থার ক্ষুদ্রবুঁকি ও সদস্য কল্যাণ তহবিলের নীতিমালা অনুযায়ী সদস্য বা তার স্বামী বা তার ঋণের পারিবারিক আইনানুগ অভিভাবক মারা গেলে তাদের অপরিশোধিত ঋণ এই তহবিল থেকে মওকুফ করা হয়। ঋণ গ্রহণের পর বন্যা, খরা, প্রাকৃতিক দুর্যোগ, মহামারি, আগুনে পোড়া, শারীরিক অক্ষমতা, মানসিক বিকারগ্রস্ত হয়ে পড়া, অঙ্গহানি, দুরারোগ্য ব্যাধি

(ক্যানসার, কিডনি ডায়ালাইসিস বা প্রতিস্থাপন, হার্ট সার্জারি বা রিং প্রতিস্থাপন, গলব্লাডার স্টোন অপারেশন, লিভার সিরোসিস ও ব্রেইন টিউমার), কুষ্ঠরোগ, দীর্ঘদিন অসুস্থ (প্যারালাইসিস) হয়ে পড়ে থাকলে এবং ঋণ পরিশোধ করার মত আর্থিক সক্ষমতা না থাকলে সঞ্চয় বাদ দিয়ে অবশিষ্ট ঋণস্থিতি মওকুফ করা হয়।

ঋণগ্রহীতার জরায়ু অপারেশন, সিজারিয়ান অপারেশন ইত্যাদি ক্ষেত্রে চিকিৎসা বাবদ এককালীন ৫,০০০ টাকা, সদস্য বা সদস্যের স্বামী বা তার ঋণের পারিবারিক আইনানুগ অভিভাবক মারত্মক কোন দুর্ঘটনাজনিত কারণে হাসপাতালে চিকিৎসা নিলে ৩,০০০ টাকা, কোভিড-১৯এর পরীক্ষা বাবদ খরচ এবং হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিলে ১০,০০০ টাকা আর্থিক অনুদান দেয়া হয়।

কোন সদস্য একাধারে ৮ দফা ঋণ নিয়ে নিয়মিত কিস্তি প্রদান করলে প্রণোদনা/অবসরকালীন ভাতা হিসাবে ১০,০০০ টাকা প্রদান করা হয়। এ সংক্রান্ত তথ্য নিচে দেওয়া হলো।

ক্ষুদ্রঝুঁকি ও সদস্য কল্যাণ তহবিল হতে মৃত্যুজনিত ক্ষেত্রে সহায়তার তথ্য (জুলাই ২০২২ হতে জুন ২০২৩)

ক্র.	. সহযোগিতার কারণসমূহ দাফন-কাফন		***	ণ সমন্বয়	সর্বমোট		
নং		জন	টাকা	জন	টাকা	জন	টাকা
2	সদস্যের মৃত্যু	<i></i> ৫৭৩	২৮,৬৫,০০০	('b'b'	৩,১৮,০১,৬৯০	১,১৬১	৩,৪৬,৬৬,৬৯০
২	সদস্যের স্বামীর মৃত্যু	১,৩৬০	৬৮,০০,০০০	১,৪০৬	৭,৪৫,০৩,২০৯	২,৭৬৬	৮,১৩,০৩,২০৯
•	আইনানুগ অভিভাবকের মৃত্যু	৯	86,000	> 2	৭,৩৫,৮২৪	২১	٩,৮٥,৮২৪
	সর্বমোট	১,৯৪২	৯৭,১০,০০০	২,০০৬	১০ ,৭০ ,৪০ ,৭২৩	৩,৯৪৮	১১ ,৬৭ ,৫০ ,৭২৩

ক্ষুদ্রঝুঁকি ও সদস্য কল্যাণ তহবিল হতে অন্যান্য ক্ষেত্রে সহায়তার তথ্য (জুলাই ২০২২ হতে জুন ২০২৩)

ক্র.নং	অনুদান প্রদানের বিষয়	সহযোগিতা	র কারণসমূহ	জন	সর্বমোট (টাকা)
۵		দুরারোগ্য ব্যাধি		70	৩,৭১,৬৯২
২		জরায়ু অপারেশন		89	२,১৫,०००
•		সিজারিয়ান অপারেশন		৫৩৬	২৬,৮০,০০০
8	চিকিৎসা ব্যয়	শারীরিক অক্ষমতা		29	৫,৭২,১৯৫
(r)		দুর্ঘটনাজনিত কারণে হাসপ	াতালে চিকিৎসা	೨	৮৩,৭২৩
৬		দীর্ঘদিন যাবৎ অসুস্থ (প্যার	ালাইসিস)	৯	२,२०,०১১
٩		মানসিক বিকারগ্রস্ত		٥	3,30,036
			মোট	৬২৩	৪২,৫২,৬৩৯
ъ	আগুনে পোড়া	ঘরবাড়ি		৯	৫,৮৩,৭৮৯
			মোট	৯	৫,৮৩,৭৮৯
৯	কোভিড-১৯	কোভিড চিকিৎসা		-	-
			মোট	-	-
> 0	প্রাকৃতিক দুর্যোগ	বন্যা, খরা, পশুমৃত্যু		৬	২,৬৯,৪২৩
			মোট	৬	২,৬৯,৪২৩
			সর্বমোট	৬৩৮	63,00,69

ক্ষুদ্র ও প্রান্তিক আকারের কৃষকদের কৃষি উৎপাদন উন্নয়ন এবং বহুমূখীকরণ অর্থায়ন প্রকল্প (এসএমএপি)

কৃষিতে উৎপাদন ও আয় বৃদ্ধি করতে হলে উন্নত আধুনিক ও টেকসই কৃষি প্রযুক্তিসমূহের ব্যবহার অত্যাবশ্যক। যারই ধারাবাহিকতায় জাইকা ও বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সিদীপ এসএমএপি (SMAP = Small and Marginal Sized Farmers Agricultural Productivity Improvement and Diversification Financing Project) প্রকল্পটি ২০১৫ সাল থেকে বাস্তবায়ন করে আসছে। এসএমএপি প্রকল্পের আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষি কাজে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার ও প্রাণীসম্পদের উন্নয়নের জন্য সিদীপ ঋণ কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন ধরনের কারিগরি সহায়তা সেবা প্রদান করে থাকে। কারিগরি সহায়তা সেবা প্রদানের জন্য সিদীপ বিভিন্ন ধরনের কর্মকাণ্ড পরিচালনা করে থাকে, যেমন- উপজেলা কৃষি বা প্রাণীসম্পদ কর্মকর্তার মাধ্যমে টেকনিক্যাল ওরিয়েন্টেশন প্রদান, উঠান









বৈঠক, আনুষ্ঠানিক প্রশিক্ষণ, স্টাফ ট্রেইনিং, সদস্যদের প্রকল্পের জীবনচক্র অনুযায়ী কারিগরি সহায়তা প্রদান, হোয়াটস্অ্যাপ বা ইমো গ্রুপের মাধ্যমে সেবা প্রদান, সমিতি বা মাঠে সরাসরি উপস্থিত থেকে কৃষকদের সেবা প্রদান, উপজেলা কৃষি বা প্রাণীসম্পদ অফিসে কৃষকদের যোগাযোগ করিয়ে দেওয়া, প্রদর্শনী প্লট তৈরি, বহুমূখীকরণের মাধ্যমে ফসল উপাদন, মাঠ দিবস ইত্যাদি কার্যক্রম। চলতি অর্থবছরে ঋণ ও কারিগরি সহায়তা প্রদানের বিভিন্ন কর্মকাণ্ডের তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

ক. এসএমএপি প্রকল্পের ঋণসেবা কার্যক্রম

ক্র.নং	এসএমএপি ঋণ সংক্রান্ত বিভিন্ন তথ্য	পরিমাণ
2	এসএমএপি কার্যক্রম চলমান রয়েছে	১৪৫ ব্রাঞ্চে
২	কারিগরি সহায়তা সেবায় যুক্ত টেকনিক্যাল পার্সনের সংখ্যা	১০ জন
•	২০২২-২০২৩ অর্থবছরে ফান্ড প্রাপ্তির পরিমাণ	৪১.৭০ কোটি টাকা
8	এ যাবত ফান্ড প্রাপ্তির পরিমাণ	২,৫১.০৯ কোটি টাকা
¢	এ অর্থবছরে ফান্ড ফেরতের পরিমাণ	৪১.৭০ কোটি টাকা
৬	এ যাবত ফান্ড ফেরতের পরিমাণ	২০৯.৩৯ কোটি টাকা
٩	অবশিষ্ট ফান্ড ফেরতের পরিমাণ	৪১.৭০ কোটি টাকা

খ. কারিগরি সহায়তা সেবা কার্যক্রম

ক্র.নং	এসএমএপি ঋণ সংক্রান্ত বিভিন্ন তথ্য	পরিমাণ		
2	টেকনিক্যাল ওরিয়েন্টেশন (জন)			\$0,00 @
ર	স্টাফ ট্রেইনিং (সংখ্যা)			৬৪৭
•	উঠান বৈঠক (সংখ্যা)	৬২৬		
8	হোয়াটসঅ্যাপ বা ইমোগ্রুপে যুক্ত করা কৃষকের সংখ্যা (জন)	४१२		
¢	টিএসএস প্রদান করা হয়েছে (জন)	এসএমএপি	নন-এসএমএপি	নতুন
		৩৮৯৬	₽ 5 28	৬৭০
৬	প্রদর্শনী প্লট (সংখ্যা)	80		
٩	উপজেলা কৃষি ও প্রাণীসম্পদ অফিসে যোগাযোগ (সংখ্যা)	980		
ъ	মার্কেট লিংকেজে সহায়তা করা কৃষকের সংখ্যা (জন)	\$86		
৯	প্রশিক্ষণ চাহিদা নিরূপণ (জন)			২৯৬৪
٥٥	বহুমুখীকরণের মাধ্যমে প্রদর্শনী প্লট (সংখ্যা)	২৬		
77	পাবলিক রিলেশন কার্যক্রম (সংখ্যা)			১০২
25	সফল কৃষকের উন্নয়নে ভূমিকা রাখা (জন)			\$\$90
20	কৃষকের সাথে মতবিনিময় (জন)			১৯৫০
\$8	আবহাওয়াজনিত বিভিন্ন তথ্য কৃষকদেরকে প্রদান (জন)			১ ৩৪২
\$&	মাঠ দিবস (সংখ্যা)			১৩

শিক্ষা সহায়তা কর্মসূচি (শিসক)



 বর্তমানে সিদীপের ২০১টি শাখার মধ্যে ১৩৮টি শাখায় এ কর্মসুচি পরিচালিত হচ্ছে। ২০২৩ সালের জুন মাসে এসব শাখায় ২ <mark>,৭১১টি</mark> শিক্ষাকেন্দ্র চালু ছিল



১৩৯ জন

২,৭১১ জন

৫৭,৫৮১ জন ৩০,৯২৩ জন

শিক্ষা সুপারভাইজার

শিক্ষিকা

মোট শিক্ষার্থী

বালিকা

২৬,৬৫৮ জন

৫১৮ জন

১০,৬৬৬ জন

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী

সিদীপ পরিবারের সন্তান

সিদীপের শিক্ষা সহায়তা কর্মসূচি (শিসক) বাংলাদেশের শিশুশিক্ষায় এক অভিনব সংযোজন। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মা-বাবা যদি নিরক্ষর হন তা হলে ক্লাসের পড়া তৈরিতে সে ঘর থেকে কোনো সহায়তা পায় না এবং ফলে পড়াশোনায় উৎসাহ হারিয়ে এক সময় স্কুল থেকে ঝরে পড়ে। এই ছেলেমেয়েকে সহায়তা দেয়ার জন্য

২০০৫ সালে সলিমগঞ্জ শাখায় প্রথম এ কর্মসূচি যাত্রা শুরু করে। পাঁচজন কলেজপড়্য়া ছাত্রীকে দিয়ে পাঁচটি শিক্ষাকেন্দ্র চালু করা হয়। পরে পাশের ভোলাচং শাখায়ও পাঁচটি শিক্ষাকেন্দ্র চালু করা হয়। কলেজপড়য়া ছাত্রীদের পাশাপাশি শিক্ষিত গৃহবধূরাও শিক্ষিকা হিসেবে এ কর্মসূচিতে যোগ দেন। শিক্ষিকাগণ মূলত তাদের বাড়ির উঠানেই



শিক্ষাকেন্দ্র

শিক্ষাকেন্দ্র পরিচালনা করে থাকেন। সেই বছরই মাওনা শাখায় আরো ১২টি এবং চারগাছ শাখায় আরো ২০টি– মোট ৪২টি শিক্ষাকেন্দ্র গঠিত হয়। এরপর কয়েক বছরেই সিদীপের তখনকার সব শাখায় এ কর্মসূচি সম্প্রসারিত হয়। এক সময় এই কর্মসূচিটি নজর কাড়ে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ)। তারা ২০১১ সালে তাদের ৩৫টি সহযোগী সংস্থার মাধ্যমে একই কর্মসূচি শুরু করে। বর্তমানে পিকেএসএফ সমৃদ্ধি কার্যক্রমের আওতায় সহযোগী সংস্থাগুলোর মাধ্যমে সারাদেশে ৬ হাজারের বেশি শিক্ষাকেন্দ্র পরিচালনা করছে। একই বছর বেসরকারি সংস্থা 'আশা' সিদীপের এই শিক্ষা কর্মসূচি গ্রহণ করে এবং ৯০০টি শিক্ষাকেন্দ্র চালু করে। 'আশা' বর্তমানে সারাদেশে ৮ হাজারের বেশি শিক্ষাকেন্দ্র পরিচালনা করছে। এতদিনে পিকেএসএফের প্রায় আডাই'শ সহযোগী সংস্থা সারা দেশে এই কাজটি করছে।



প্রকৃতি পাঠ

শুরুতে এ কর্মসূচিতে প্রাইমারি স্কুল থেকে শিক্ষার্থী ঝরে পড়া রোধে শিক্ষাকেন্দ্রগুলোতে কেবল ক্লাসের পড়া তৈরি করে দেয়া হতো। পরবর্তীতে শিশুদের মানসিক, শারীরিক, নৈতিক ও বুদ্ধিবৃত্তিক বিকাশে আরো কিছু অধ্যায় যোগ করা হয়; যার ভেতর রয়েছে ব্যক্তিগত স্বাস্থ্যচর্চা ও পরিষ্কার-পরিচছনুতা; সাংস্কৃতিক কর্মসূচি, প্রবীণ সংবর্ধনা এবং তাদের সম্মান প্রদর্শন; প্রকৃতি পাঠ এবং মা-বাবাকে সম্মান প্রদর্শন। শিসকের শিক্ষাকেন্দ্রগুলোতে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বিশেষ যত্নের সঙ্গে পাঠদান করা হয়।

শিক্ষা কার্যক্রম ছাড়াও শিসকের শিক্ষিকা ও শিক্ষা সুপারভাইজারদের নিয়ে ২০১৮ সালের ১ ডিসেম্বর থেকে শিক্ষিকা সমিতি গঠন করা হয়েছে। চলতি অর্থবছরেও শিক্ষিকা ও শিক্ষাসুপারভাইজারগণ এই সমিতির মাধ্যমে সঞ্চয় করেছেন এবং তাদের অনেকেই নানা ধরনের উদ্যোগ গ্রহণ করে সফল উদ্যোক্তা হয়ে উঠেছেন। ২০২৩ সালের ৩০ জুন পর্যন্ত সিদীপ শিক্ষিকা সমিতিতে শিক্ষিকাদের সঞ্চয়ের পরিমাণ ছিল ১ কোটি ৯৭ লাখ ৯১ হাজার ৬১৭ টাকা। এখানে শিসকের একজন শিক্ষিকা-উদ্যোক্তার কাহিনি তুলে ধরা হলো:



শিক্ষিকা নাছরিন আক্তার সীমার আর্থিক স্বয়ম্ভরতার কথা

কুমিল্লা জেলার দেবীদ্বার উপজেলায় সিদীপের বারেরা শাখার কর্ম-এলাকায় বালিবাড়ী গ্রামের শিসক শিক্ষিকা নাছরিন আন্তার সীমা। ২০১২ সাল থেকে তিনি তার বাড়ির উঠানে শিক্ষাকেন্দ্র পরিচালনা করে আসছেন। এক ছেলে ও এক মেয়ের মা সীমার স্বামী মো. রুহুল আমীন ছোট এক কোম্পানির বিপণন বিভাগে খুবই কম বেতনে চাকরি করেন। সংসারে অভাব-অনটন লেগেই থাকতো। সীমা সব সময়েই ভাবতেন কী করে বাড়তি কিছু আয় করে পরিবারে আরো একটু সচ্ছলতা আনা যায়। সেই চিন্তা থেকেই তিনি উঠানস্কুলে শিক্ষকতা শুরু করেছিলেন। যে বছর শিক্ষকতা শুরু করেছিলেন সেই বছরই তিনি তার গ্রামের মহিলা সমিতির সদস্য হয়ে কিছু টাকা ঋণ নিয়ে পারিবারিক কাজে বিনিয়োগ করেছিলেন। সেই ঋণ পরিশোধ করে সঞ্চয় চালিয়ে যাচ্ছিলেন। এর কয়েক বছর পর তিনি সেলাইয়ের কাজ শেখেন। কিন্তু পারিবারিক অনটনের কারণে সেলাইয়ের কাজ শিখেও কাপড় কিনে পোশাক তৈরি করে আয় করতে পারছিলেন না। এর মধ্যে তার শাখায় সিদীপ শিক্ষিকা

সমিতি গঠিত হলে এক সময় তিনি আগের সমিতি থেকে সঞ্চয় তুলে শিক্ষিকা সমিতিতে যোগ দিয়ে সঞ্চয় করতে থাকেন। এরপর একদিন বারেরা শাখার শিক্ষা সপারভাইজার তার শিক্ষাকেন্দ্র পরিদর্শনে এসে তার সেলাই দেখে তাকে শিক্ষিকা সমিতি থেকে ঋণ নিয়ে পোশাক তৈরি করে বিক্রি করার পরামর্শ দেন। এরপর সীমা ২০২২ সালের আগস্টে শিক্ষিকা সমিতি থেকে ২০ হাজার টাকা ঋণ নিয়ে কাপড কিনে তার ব্যবসায় খাটান। তিনি থান কাপড় কিনে খুচরা দামে কাপড় বিক্রি করতে থাকেন, একই সঙ্গে সেই কাপড দিয়ে পোশাক তৈরি করেও বিক্রি করতে থাকেন। অনেকে তার কাছ থেকে কাপড় কিনে তাকে দিয়েই পোশাক সেলাই করান। কিছুদিনের মধ্যেই তিনি বেশ ভালো লাভের মুখ দেখতে থাকেন। তিনি এখন তার এই ব্যবসাটা আরো বড করতে চান। সেলাই শেখার সময় তিনি বুটিকের কাজও শিখেছিলেন। ইচ্ছে আছে বটিকের কাজও করবেন। পোশাক তৈরির আরো একটি প্রশিক্ষণ নিচ্ছেন তিনি। পোশাকনির্ভর এই ব্যবসাটা আরো বড় করতে চান তিনি। এই উদ্যোগ গ্রহণ করে তিনি তার পরিবারের অভাব দূর করতে পারছেন বলে জানিয়েছেন।

জেলেপাড়ায় উঠানস্কুলের শিক্ষিকা রিংকু দাস

<mark>রিংকু দাস। বাবা বজ্রহরি দাস,</mark> মা স্বর্গীয় <mark>ননীবালা দাস।</mark> ৫ ভাই ২ বোনের <mark>মধ্যে রিংকু সবার ছোট। সীতাকুণ্ডের গুলিয়াখালী জেলেপাড়ার শিসক</mark> <mark>শিক্ষিকা। নিজেও এই জেলে</mark> পরিবারের সন্তা<mark>ন। অন্য কোনো ভাই-বোন</mark> <mark>লেখাপড়া করেনি। ছোটবেলা থেকেই মনের ভেতরে</mark> লালন করে আসছেন <mark>উচ্চশিক্ষার স্বপ্ন। কিন্তু তার উচ্চশিক্ষার স্বপ্নকে</mark> ঘিরে রেখেছিল <mark>আর্থ-সামাজিক বাধার দেয়াল। জেলেপাড়া</mark>র ছেলেরা খুব অল্প বয়সেই <mark>বাপ-দাদার পেশায় জড়িয়ে যা</mark>য়। তবে মেয়েরা কিছুকাল পড়াশোনা <mark>চালিয়ে যেতে পারে– যদি</mark> নিজের ইচ্ছে এবং পরিবারের সম্মতি থাকে। কিন্তু তাদের পড়াশোনার চৌহদ্দি বড়জোর নবম/দশম শ্রেণি। লেখাপড়ার <mark>আকাজ্ফা যতোই থাকুক, নবম শ্রেণির চৌকাঠ পেরিয়ে দশম শ্রেণিতে</mark> <mark>উঠতেই তাদের বাধ্য হয়ে বসতে হয় বিয়ের পিঁডিতে।</mark>

রিংকু দাস স্পর্ধার সঙ্গে গুলিয়াখালী জেলেপাড়ার অচলায়তন ভেঙেছেন। নুন আনতে পান্তা ফুরানো জেলে পরিবারের মেয়েদের পড়াশোনাকে বিলাসিতা মনে করা হলেও রিংকুর শিক্ষাকাজ্জা দমিয়ে রাখা যায়নি। অদম্য ইচ্ছেশক্তির জোরে জেলেপাড়ার সবাইকে চমকে দিয়ে এসএসসি পাস করেছিলেন এবং এসএসসি পাস করার পর ভর্তি হয়েছিলেন কলেজে। কিন্তু একাদশ শ্রেণিতে ওঠার পর মায়ের মৃত্যুতে মানসিকভাবে ভীষণ ভেঙে পড়েছিলেন। অন্ধকার নেমে এসেছিল পরিবারে। জগতের সবচেয়ে প্রিয় ছিল তার মা। পড়াশোনাই ছেড়ে দিতে চেয়েছিলেন। তবে কলজে খামচে ধরা সেই শোক এক সময় তিনি কাটিয়ে উঠতে





পেরেছিলেন। লক্ষ্য অর্জনে অন্ড রিংকু পড়াশোনায় ফিরে এসেছিলেন। কিন্তু এর পরেই পরিবার থেকে প্রবল চাপ সৃষ্টি করা হয়েছিল বিয়ে করার জন্য। বলে দেয়া হয়েছিল– তারা আর তার পড়ার খরচ চালাতে পারবেন না। এবার সত্যিই দিশা হারিয়ে ফেলেছিলেন রিংক।

ঠিক এমনই এক অসহায় অবস্থায় সিদীপের সীতাকুণ্ড শাখার শিক্ষাসুপারভাইজারের কাছ থেকে প্রস্তাব পান শিক্ষা সহায়তা কর্মসূচির (শিসক) একজন শিক্ষিকা হিসেবে জেলেপাড়ায় একটি শিক্ষাকেন্দ্র পরিচালনার। এ যেন মেঘ না চাইতেই জল! পানিতে পড়ে খড়কুটো আঁকডে ধরার মতো প্রস্তাবটি লুফে নিয়েছিলেন তিনি। ২০২২ সালের মার্চ মাসে শিসকের একজন শিক্ষিকা হিসেবে যোগ দিয়ে তাদের গুলিয়াখালী জেলেপাড়ায় চালু করেছেন একটি শিক্ষাকেন্দ্র। অল্পদিনেই তার শিক্ষাকেন্দ্র জেলেপাড়ার শিশুদের কলতানে মুখরিত হয়ে ওঠে। জেলেপাড়ার অভিভাবকদের মাসে ৫০০/৬০০ টাকা খরচ করে সন্তানদের প্রাইভেট পড়ানোর সঙ্গতি নেই। সে ক্ষেত্রে রিংকু তার শিক্ষাকেন্দ্রে ৩০ থেকে ৫০ টাকার বিনিময়ে পড়ান বলে তারা তাদের সম্ভানদের তার শিক্ষাকেন্দ্রে পাঠাতে থাকেন। শিক্ষিকা হিসেবে পরিচিত হয়ে ওঠার পর বেশ কিছু টিউশনিও জুটে যায়।

শিক্ষিকা হিসেবে সিদীপ থেকে পাওয়া মাসিক সম্মানি, শিক্ষার্থীদের ফি এবং টিউশনি থেকে আয়ে এখন তিনি ভালোভাবেই তার পড়ার খরচ চালাতে পারছেন। এইচএসসি পাস করে স্লাতকে পড়ছেন। জেলেপাড়ার অন্য মেয়েদেরও তিনি উচ্চশিক্ষায় উদ্বুদ্ধ করে চলেছেন। এর বাইরে সিদীপ শিক্ষিকা সমিতির একজন সদস্য হিসেবে তিনি সঞ্চয় করে চলেছেন। মনের নিভূত আকাজ্ফা– সঞ্চয়ের এই টাকা তিনি বিয়ের গয়না কেনার জন্য খরচ করবেন।

নিজের অবস্থা তুলে ধরে দৃঢ়কণ্ঠে রিংকু বলেন– 'সিদীপের মাধ্যমে মাত্র কলেজে পড়েই আমি গ্রামে শিক্ষিকা হিসেবে পরিচিতি পেয়েছি, যা আমার জীবনের সবচেয়ে বড় পাওয়া। আমি আমার গ্রামের নিরক্ষর মানুষের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দিতে চাই। গ্রামের উন্নয়নে মেয়েদের এগিয়ে আনতে চাই। আশা করি, সিদীপ ভবিষ্যতে আরও উন্নয়নমূলক কাজ করবে।'

স্বাস্থ্যসেবা কর্মসূচি



🏮 ২০২২-২৩ অর্থবছরে স্বাস্থ্যসেবা কর্মসূচির আওতায় শিশুসহ মোট 💐 🔱 , ৮৭৯ জন রোগী স্বাস্থ্যসেবা গ্রহণ করেন



२०५,४०७ जन

২০,০৭৬ জন

8,৮০৬ জন

মহিলা

পুরুষ

শিশু

১১৬ দিন

৮,৯১১ জন

৬,৫০৩ জন

১,৫৪৬ জন

১,988 জন

মোবাইল স্বাস্থ্যক্যাম্প

রোগী রেজিস্ট্রেশন

চোখের রোগী

চশমা প্রদান

ডায়াবেটিস পরীক্ষা

সিদীপ ২০১৩ সাল থেকে প্রাথমিক স্বাস্থ্যসেবার আওতাভুক্ত কিছু কার্যক্রম শুরু করে। বর্তমানে ১৯টি জেলায় ১১৯টি শাখায় প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নে মাঠপর্যায়ে ২ জন অপ্টোমেট্রিস্টসহ ১২৩ জন উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO) এবং ১৮৭ জন হেলথ ভলান্টিয়ার (Health Volunteer) কর্মরত রয়েছেন। স্বাস্থ্য সচেতনতাবৃদ্ধিসহ আগাম রোগনির্ণয়, রোগপ্রতিরোধ ও রোগনিয়ন্ত্রণ এবং দারিদ্যু বিমোচনে অবদান রাখা সিদীপ স্বাস্থ্যসেবা কার্যক্রমের মূল লক্ষ্য। সংস্থার বিভিন্ন সমিতি ও ব্রাঞ্চ পর্যায়ে স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে



১৩8,৮৭৫ জন

৮৩,০৪২ জন

২,৪৫৯ জন

ফিল্ড মোবাইল ক্লিনিক

ব্রাঞ্চ স্ট্যাটিক ক্লিনিক

স্যাটেলাইট ক্লিনিক

১৯৫,৫২৯ জन २৫,२२० জন

৬,১৩০ জন

সিদীপের সদস্য

সিদীপ পরিবারের সদস্য সিদীপের সদস্য নন

স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি, আগত রোগীদের প্রাথমিক হেলথ স্ক্রিনিং (ওজনমাপা, ব্লাড প্রেসার মনিটরিং, ডায়াবেটিস পরীক্ষা, গর্ভধারণ সনাক্তকরণ, রে-থেরাপি, নেবুলাইজেশন, ড্রেসিং, টেলিমেডিসিন সেবা), বিএমডিসির নীতিমালা অনুসরণ করে নির্ধারিত প্রাথমিক চিকিৎসা ও পরামর্শ প্রদান, প্রাথমিক চক্ষুসেবার অংশ হিসাবে ভিশন কর্নার স্থাপনের মাধ্যমে ভিজ্যুয়াল অ্যাকুইটি পরিমাপ করা ইত্যাদি সিদীপ স্বাস্থ্যসেবা কর্মসূচির মূল উপকরণ। প্রধান কার্যালয়ভিত্তিক স্বাস্থ্য টিম গঠন করে মোবাইল স্বাস্থ্যক্যাম্প পরিচালনার মাধ্যমে চক্ষুপরীক্ষা ও রেজিস্টার্ড এমবিবিএস ডাক্তার কর্তৃক সাধারণ রোগসমূহের প্রাথমিক চিকিৎসা প্রদান করা স্বাস্থ্যসেবা কর্মসূচির উল্লেখযোগ্য অংশ। স্বাস্থ্যসেবা কর্মসূচিতে নিয়োজিত হেলথ ভলান্টিয়ারগণ নিজ কর্ম-এলাকায় বাড়ি ভিজিটের মাধ্যমে গ্রামের সাধারণ লোককে স্বাস্থ্য সচেতনতামূলক পরামর্শ প্রদান করেন। এছাড়া তাদের ওজন মাপেন, রক্তচাপ পর্যবেক্ষণ করেন, ডায়াবেটিস ও প্রেগন্যান্সি পরীক্ষা, রোগীর ধরন বুঝে পরামর্শ

দেন ও চিকিৎসার জন্য রোগীকে উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসারের নিকট পাঠান। উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসারগণ মাঠপর্যায়ে হেলথ ভলান্টিয়ারদের কর্মকাণ্ড সুপারভিশন ও মনিটরিং করে থাকেন এবং রিপোর্ট প্রদান করে থাকেন।

চলতি অর্থবছরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে মাঠপর্যায়ে স্বাস্থ্যক্যাম্প আয়োজনের মাধ্যমে ৯১১ জন রোগীকে ফ্রি চিকিৎসা প্রদান করা হয়, ৬০ জনকে বিনামূল্যে চশমা প্রদান করা হয় ও ১৩১ জনের ডায়াবেটিস ক্রিনিং করা হয়। বিশ্ব ডায়াবেটিস দিবস ২০২২ উপলক্ষে স্বাস্থ্যসেবা কর্মসূচির মাধ্যমে মাঠপর্যায়ে সিদীপের বিভিন্ন শাখা কর্তৃক ডায়াবেটিস ক্যাম্প আয়োজন করা হয়। প্রাপ্ত তথ্যউপাত্ত বিশ্লেষণপূর্বক ১,৭৩৮ জনের ডায়াবেটিস পরীক্ষা করা হয়; তাদের মধ্য থেকে ১,০৫৩ জনকে সুস্থ (ডায়াবেটিসমুক্ত), ৩৬৯ জনের প্রি-ডায়াবেটিস এবং ৩১৬ জনের ডায়াবেটিস শনাক্ত করা হয়। ২০২৩এর ৭ এপ্রিল বিশ্বস্বাস্থ্য দিবস



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে ফ্রি শ্বাস্থ্যসেবা ক্যাম্প উদ্বোধন করছেন লালপুর (গোপালপুর) উপজেলা নির্বাহী অফিসার জনাব শামীমা সুলতানা


উপলক্ষে উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসারগণ তাদের সংশ্লিষ্ট শাখাসমুহে উঠানস্কুলসমূহ পরিদর্শন করেন এবং উপস্থিত শিশুদের অভিভাবকদেরকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করেন। দেশের প্রান্তিক ও দরিদ্র জনগোষ্ঠীর দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌছে দেয়া ও স্বাস্থ্যসেবাকে সহজলভ্য করার লক্ষ্যে সংস্থার ৩৪টি ব্রাঞ্চে OTC Drug বিক্রয় কার্যক্রম পরিচালিত হচ্ছে। পর্যায়ক্রমে সংস্থার সকল ব্রাঞ্চে আরো কিছু OTC Drug অন্তর্ভুক্ত করে সেবার মান বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে। চলতি অর্থবছরে ১৫টি OTC Drug বিক্রয়ের জন্য নির্বাচিত হয়েছিলো। এর আওতায় মোট ৫,৭৫,৭১৫ টাকার ওমুধ বিক্রয় করা হয়।

জেন্ডারভিত্তিক সেবাপ্রাপ্ত রোগীর বিন্যাস




মোট ২২৬,৮৭৯

ক্লিনিকভিত্তিক সেবাপ্রাপ্ত রোগীর বিন্যাস




সংস্থার সাথে সংশ্লিষ্টতার ভিত্তিতে রোগীর বিন্যাস




সেবাপ্রাপ্ত অসংক্রামক রোগীর বিন্যাস




সেবাপ্রাপ্ত চর্ম রোগীর বিন্যাস



সেবাপ্রাপ্ত মাতৃ রোগীর বিন্যাস



সেবাপ্রাপ্ত শিশু রোগীর বিন্যাস



২০২২-২৩ অর্থবছরে স্বাস্থ্যক্যাম্পের অর্জন						
অর্থবছর ২০২২-২৩	রেজিস্ট্রেশনকৃত রোগীর (সংখ্যা)	চশমা বিক্রি (সংখ্যা)	ডায়াবেটিস পরীক্ষা (সংখ্যা)			
আগস্ট '২২	১৩২৭	১৫৫	₹28			
সেপ্টেম্বর '২২	988	১৬০	208			
অক্টোবর '২২	ppo	788	262			
নভেম্বর '২২	४०१	১৬৫	২৪৬			
ডিসেম্বর '২২	996	226	\$28			
জানুয়ারি' ২৩	৯৮৩	727	২২৩			
ফেব্রুয়ারি' ২৩	2007	২ ২8	২২৬			
মার্চ' ২৩	৫০১	কচ	\$ 09			
মে' ২৩	>> 4A	200	3 48			
জুন' ২৩	৬২১	3 08	৮৫			
মোট সেবা	४,७३३	১,৫৪৬	3,988			

সমৃদ্ধি কর্মসূচি



'উন্নয়নের কেন্দ্রে মানুষ' চেতনাকে সামনে রেখে প্রত্যন্ত এলাকার দরিদ্র পরিবারগুলোর টেকসই উনুয়ন ও দারিদ্যু দূরীকরণের উদ্দেশ্যে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) সহায়তায় "দারিদ্য দ্রীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)" শীর্ষক কর্মসূচি সংস্থার কর্মএলাকার দুটি ইউনিয়নে বাস্তবায়িত २८७ । ইউনিয়ন দুটি হলো: ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলায় সংস্থার চারগাছ ব্রাঞ্চের কর্ম-এলাকা মূলগ্রাম ইউনিয়ন এবং একই জেলার নবীনগর উপজেলায় সংস্থার রতনপুর ব্রাঞ্চের কর্ম-এলাকা রতনপুর ইউনিয়ন। এটি একটি বহুমাত্রিক প্রয়াস যার মাধ্যমে উল্লিখিত দুটি ইউনিয়নে স্বাস্থ্যসেবা, পুষ্টি, শিক্ষা সহায়তা, সামাজিক উন্নয়ন, সহজ শর্তে ঋণ এবং সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

মানুষকে উন্নয়নের কেন্দ্রে রেখে ২০২২-২০২৩ অর্থবছরে স্বাস্থ্যবিধি মেনে যেসব কার্যক্রম পরিচালিত হয়েছে তা নিম্নে উপস্থাপন করা হলো:

শিক্ষা কার্যক্রম

শিক্ষার্থীদের শিক্ষাভীতি দূর করার মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় হতে ঝরে পড়া রোধ এবং শিক্ষার সামগ্রিক भारनान्नुयन कतात लक्ष्य निरय नित्रक्षत ও দतिप পরিবারের শিশুসন্তান যারা শিশু শ্রেণি থেকে ২য় শ্রেণি পর্যন্ত লেখাপড়া করে তাদের শিক্ষায় সহায়তার উদ্দেশ্যে সমৃদ্ধি কর্মসূচির আওতায় প্রতিটি ইউনিয়নে ৩০টি করে শিক্ষাকেন্দ্রের মাধ্যমে মোট ১.৪৭৯ জন (ছাত্র ৭২২ জন ও ছাত্রী ৭৫৭ জন) শিক্ষার্থীকে লেখাপড়া করানো হচ্ছে।

শিক্ষাকেন্দ্রের ভৌতিক পরিবেশ উন্নয়ন, শিক্ষাকেন্দ্র ব্যবস্থাপনা, সূজনশীল কাজের মাধ্যমে শ্রেণির পাঠকে আরও আকর্ষণীয় ও প্রাণবন্ত করা. শিশুদের নৈতিক শিক্ষা প্রদান এবং ব্যবহারিক কৌশল বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মূলগ্রাম ইউনিয়নে ১৭-১৮ মে ২০২৩এ এবং রতনপুর ইউনিয়নে ২৮-২৯ মে ২০২৩এ শিক্ষিকাদের ২ দিনব্যাপী 'বিষয়ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ' প্রদান করা হয়। সংশ্লিষ্ট



উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিষয়ভিত্তিক (বাংলা, ইংরেজি ও গণিত) মাস্টার ট্রেইনারগণ এবং সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা এ প্রশিক্ষণ প্রদান করেন। এছাডা প্রতি মাসে শিক্ষিকাদের রিফেশার আয়োজন করা হয়।

স্বাস্থ্যসেবা কার্যক্রম

স্বাস্থ্যসেবা কর্মসূচির মাধ্যমে মূলগাম ইউনিয়নে ১৭টি গ্রামে মোট ৯,০২৫টি পরিবার এবং রতনপুর ইউনিয়নে ১৪টি গ্রামে মোট ৬,৮১১টি পরিবারকে স্বাস্থ্যসেবা দেওয়া হচ্ছে। মূলগ্রাম ইউনিয়নে ১৮ জন এবং রতনপুর ইউনিয়নে ১৪ জন স্বাস্থ্যপরিদর্শক স্বাস্থ্যবিধি মেনে প্রত্যেকে প্রতিদিন ২০-২৫টি পরিবার পরিদর্শন করেন। প্রতিটি ইউনিয়নে ২ জন



স্বাস্থ্যসহকারীর সহায়তায় নিয়মিত উঠান বৈঠক করা হয়। এ সময় পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্বাস্থ্যবিষয়ক সচেতনতা, মা ও শিশুর যত্ন, টিকা গ্রহণ, বাল্য বিবাহের কুফল, যৌতুক গ্রহণ ও বহুবিবাহের কুফল, গর্ভবতী পরিচর্যা, শিশুর যত্ন, শিশু শিক্ষা এবং কোভিড-১৯ থেকে সুরক্ষার উপায় ইত্যাদি বিষয় নিয়ে আলোচনার মাধ্যমে স্বাস্থ্যবিষয়ক সচেতনতা তৈরি করা হয়।

বঙ্গবন্ধুর শাহাদতবার্ষিকী উপলক্ষে বিনামূল্যে ডায়াবেটিস ক্যাম্প পরিচালনা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৭তম শাহাদতবার্ষিকী উপলক্ষে মূলগ্রাম ইউনিয়নে গত ১৫ ও ২৪ আগস্ট ২০২২ এবং রতনপুর ইউনিয়নে গত ১৫ ও ২৫ আগস্ট ২০২২এ বিনামূল্যে ডায়াবেটিস ক্যাম্প পরিচালনা করা হয়। উক্ত ক্যাম্পে মূলগ্রাম ইউনিয়নে ১০০ জনকে এবং রতনপুর ইউনিয়নে ১৫০ জনকে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা এবং প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।

স্বাস্থ্য পরিদর্শকদের দক্ষতা বৃদ্ধির জন্য মূলগ্রাম ইউনিয়নে ১৩ ও ১৪ জুন ২০২৩এ এবং রতনপুর ইউনিয়নে ১২ ও ১৩ জুন ২০২৩এ ২ দিনব্যাপী 'স্বাস্থ্যসেবা ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ' অনুষ্ঠিত হয়।

চলতি অর্থবছরে স্বাস্থ্যসেবা কার্যক্রমের মাধ্যমে পরিচালিত কর্মকাণ্ডের চিত্র নিম্নের তালিকায় উপস্থাপন করা হলো।



ক্ৰ. নং	বিবরণ	মূলগ্রাম ইউনিয়ন	রতনপুর ইউনিয়ন	মোট
2	স্যাটেলাইট ক্লিনিক (সংখ্যা)	৯৬	৯৬	১৯২
ર	স্যাটেলাইট ক্লিনিকে সেবা গ্রহণকারী (জন)	২,৫২৩	२,8১०	৪,৯৩৩
6	স্ট্যাটিক ক্লিনিক (সংখ্যা)	888	৩৮৬	৮৩০
8	স্ট্যাটিক ক্লিনিকে সেবা গ্রহণকারী (জন)	৩,৭০২	৩,৫৯৭	৭,২৯৯
¢	ডায়াবেটিক কার্যক্রম (জন)	৩,88১	৩,২০০	৬,৬৪১
હ	কৃমিনাশক ওষুধ বিতরণ (জন)	৬,০৫৬	৮,৭০০	১৪,৭৫৬
٩	পুষ্টিকণা বিতরণ (জন)	\$28	২০৪	৩২৮
ъ	আয়রন ফলিক এসিড বড়ি বিতরণ (জন)	১,৯৪২	১,০৫৬	২,৯৯৮
৯	ক্যালসিয়াম বড়ি বিতরণ (জন)	২,০৫০	৯২৫	২,৯৭৫

স্বাস্থ্যক্যাম্প আয়োজন

'সেবা নিন সুস্থ থাকুন' এই লক্ষ্যে সিদীপ সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রমের আওতায় মূলগ্রাম ইউনিয়নে ২২.০৯.২০২২, ২৫.১১.২০২২, ২০.০২.২০২৩ ও ২০.০৬.২০২৩ তারিখে এবং রতনপুর ইউনিয়নে ২৭.০৯.২০২২, ১৫.১২.২০২২, ১৪.০২.২০২৩ ও ১১.০৬.২০২৩ তারিখে দিনব্যাপী সাধারণ স্বাস্থ্যক্যাম্প আয়োজন করা হয়। মূলগ্রাম ইউনিয়নে মোট ৫৮৫ জন ও রতনপুর ইউনিয়নে মোট ৭০৭ জন রোগীকে চিকিৎসাসেবা প্রদান করা হয়। প্রতিটি ক্যাম্পে তিনজন বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে ফ্রি চিকিৎসাসেবা ও বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়।

বিশেষ চক্ষু ক্যাম্প

সমৃদ্ধি কর্মসূচির 'স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রম'-এর আওতায় মূলগ্রাম ইউনিয়নে ৮ মে ২০২৩এ ও রতনপুর ইউনিয়নে ১১ মে ২০২৩এ বিশেষ চক্ষুক্যাম্প অনুষ্ঠিত হয়। চক্ষক্যাম্পে অত্যাধনিক যন্ত্রপাতির মাধ্যমে চোখের পাওয়ার নির্ণয়, চোখের বিভিন্ন অংশের পরীক্ষা, সঠিক চশমা বাছাইকরণ এবং ন্যায্যমূল্যে চশমা ও আইড্রপ প্রদান করা হয়। এছাড়া ছানি অপারেশনযোগ্য রোগীদের বাছাই করা হয়। পরবর্তীতে নির্বাচিত ছানিপড়া রোগীদের বিনামূল্যে অপারেশন করা হয়। মূলগ্রাম ইউনিয়নে ১৩০ জন রোগী ও রতনপুর ইউনিয়নে ২৩৯ জন চোখের রোগীকে চিকিৎসাসেবা প্রদান করা হয়। পাশাপাশি মূলগ্রাম ইউনিয়নে ১৫ জন ও রতনপুর ইউনিয়নে ২৫ জন ছানিপড়া রোগীর অপারেশন করা হয়।



ঋণ কার্যক্রম

সমৃদ্ধি কর্মসূচির আওতায় শিক্ষা সহায়তা, স্বাস্থ্যসেবা ও পুষ্টি, সামাজিক সচেতনতামূলক বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি সহজ শর্তে ঋণ সুবিধা প্রদান করা হয়। চলতি অর্থবছরে আয়বৃদ্ধিমূলক ঋণখাতের আওতায় ১,০৩৩ জনকে (মূলগ্রাম ইউনিয়নে ৩৭৯ জন ও রতনপুর ইউনিয়নে ৬৫৪ জন) মোট ৭.৬৭.৬৮.০০০ টাকা (মূলগ্রাম ইউনিয়নে ৩,১৬,৪২,০০০ টাকা ও রতনপুর ইউনিয়নে ৪,৫১,২৬,০০০ টাকা) ঋণ বিতরণ করা হয়। আয়বৃদ্ধিমূলক কার্যক্রম ঋণের বর্তমান ঋণস্থিতি ৪,৪৫,৭৭,২৮১ টাকা (মূলগ্রাম ইউনিয়নে ১.৮৩.৫৫.২৪২ টাকা ও রতনপুর ইউনিয়নে ২.৬২.২২.০৩৯ টাকা)।

সমৃদ্ধি কর্মসূচির আয়বৃদ্ধিমূলক ঋণ কার্যক্রমভুক্ত সদস্যদের গৃহীত ঋণের মাধ্যমে পরিচালিত বিভিন্ন কর্মকাণ্ড অধিক দক্ষতার সাথে পরিচালনার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের বিষয়সমূহ হলো: উন্নত পদ্ধতিতে গাভী পালন, গরু মোটাতাজাকরণ, আধুনিক পদ্ধতিতে ধান চাষ, জৈব পদ্ধতিতে শাক-সবজি চাষ, পুকুরে মাছ চাষ, হাঁস-মুরগি পালন, সবজি চাষ ইত্যাদি। প্রশিক্ষণ প্রদান করেন নিজ নিজ ইউনিয়নের উপসহকারি কষি অফিসারবন্দ। চলতি অর্থবছরে মূলগ্রাম ইউনিয়নে ঋণগ্রহণকারী নির্বাচিত মোট ১০০ জনকে এবং রতনপুর ইউনিয়নে মোট ১০০ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

'উন্নয়নে যুব সমাজ' কার্যক্রম

সমৃদ্ধি কর্মসূচির আওতাভুক্ত অন্যতম একটি কার্যক্রম হলো 'উন্নয়নে যুব সমাজ'। এ কার্যক্রমের মূল লক্ষ্য হলো যুবদের নৈতিক উন্নয়ন, নেতৃত্ব বিকাশ ও টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণে সহায়তা প্রদান করা। নিজেদের কর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে একটি সুশৃঙ্খল ও মর্যাদাপূর্ণ সমাজ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে চলতি অর্থবছরে ইউনিয়নের যুবদের 'স্বপ্ন আমার উদ্যোক্তা হবো' শীর্ষক সম্পূর্ণ ভিডিওভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিটি ইউনিয়নে ৪টি ব্যাচে মোট ১০০ জন করে যুব উক্ত প্রশিক্ষণ গ্রহণ করেন। ২ দিনব্যাপী ভিডিওভিত্তিক এ প্রশিক্ষণ আয়োজনের জন্য পিকেএসএফ থেকে প্রশিক্ষণসূচি এবং অধিবেশনভিত্তিক প্রশিক্ষণ-ভিডিও সরবরাহ করেছেন। সে অনুযায়ী প্রশিক্ষণ সম্পন্ন এবং প্রত্যেককে সনদপত্র প্রদান করা হয়।





এছাড়া প্রতি মাসে ইউনিয়নের যুবদের নিয়ে ওয়ার্ড ও ইউনিয়নভিত্তিক সভার আয়োজন করা হয়। সভায় তাদের সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে সচেতন করা, সামাজিক মূল্যবোধের অবক্ষয় রোধ, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষ রোপণ এবং দুস্থদের সহায়তা প্রদানে উদ্বন্ধ করা হয়।

বিভিন্ন দিবস উদযাপন

সমৃদ্ধি কর্মসূচির আওতায় শিক্ষা সহায়তা, স্বাস্থ্যসেবা ও পুষ্টিসহ সামাজিক সচেতনতামূলক বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন করা হয়। এ সকল দিবসে সমৃদ্ধি ও প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির সাথে সম্পৃক্ত সকল সদস্য, যুব ও প্রবীণ সদস্য, মুক্তিযোদ্ধা, শিক্ষক, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারগণ, সংস্থার কর্মী, এলাকার গণ্যমান্য ব্যক্তি ও সর্বসাধারণের স্বতঃস্কৃত্ত অংশগ্রহণে বিভিন্ন কর্মকাণ্ড পরিচালিত হয়। চলতি অর্থবছরে উদ্যাপিত দিবসসমূহের মধ্যে উল্লেখযোগ্য:

- ০১ অক্টোবর ২০২২, আন্তর্জাতিক প্রবীণ দিবস
- ১৮ অক্টোবর ২০২২, শেখ রাসেল দিবস
- ০১ নভেম্বর ২০২২, জাতীয় যুব দিবস
- ০২ জানুয়ারি ২০২৩, জাতীয় সমাজ সেবা দিবস
- ২১ ফেব্রুয়ারি ২০২৩, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
- ১৪ মে ২০২৩, মা দিবস
- ১৭ মার্চ ২০২৩, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস
- ০৫ জুন ২০২৩, বিশ্ব পরিবেশ দিবস





ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন

ইউনিয়নের শিক্ষাকেন্দ্রের সকল শিক্ষার্থীদের অংশগ্রহণে মূলগ্রাম ইউনিয়নে ১৯ মার্চ ২০২৩এ এবং রতনপুর ইউনিয়নে ২১ মার্চ ২০২৩এ ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। ক্রীড়া অনুষ্ঠানের আওতায় মোরগ লড়াই, অংক দৌড়, দড়ি লাফ, দৌড় প্রতিযোগিতা, বিস্কুট দৌড় ইত্যাদি খেলাধুলার আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।



পাশাপাশি ইউনিয়নের যুবদের নিয়ে 'আন্তঃওয়ার্ড যুব ফুটবল টুর্নামেন্ট' আয়োজন করা হয়। মাসব্যাপী আন্তঃওয়ার্ড যুব ফুটবল খেলার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় মূলগ্রাম ইউনিয়নে ২৬ মে ২০২৩এ এবং রতনপুর ইউনিয়নে ২০ জুন ২০২৩এ। আনন্দঘন পরিবেশে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণ আয়োজনের মাধ্যমে মাসব্যাপী 'ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আন্তঃওয়ার্ড যুব ফুটবল টুর্নামেন্ট' সম্পন্ন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে স্ব স্ব ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যান, মেম্বারবৃন্দ, প্রবীণ ইউনিয়ন কমিটির সভাপতি ও সদস্যবন্দ, স্কুল-কলেজের শিক্ষকমণ্ডলি, এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গ এবং সংস্থার উর্ধ্বতন কর্তৃপক্ষ উপস্থিত ছিলেন।

হতদরিদ্র পরিবারে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ও টিউবওয়েল স্থাপন করে দেয়া হয়েছে, যা মনিটরিং করা হচ্ছে। এছাড়া কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তার লক্ষ্যে দুটি ইউনিয়নে স্থাপনকৃত ৫০টি করে ভার্মি কম্পোস্ট প্লান্ট নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।

ভিক্ষুকদের সমাজে প্রতিষ্ঠা করার লক্ষ্যে সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিগত অর্থবছরে মূলগ্রাম ইউনিয়নে ১২ জন এবং রতনপুর ইউনিয়নে ৪ জনকে পুনর্বাসন করা হয়। পুনর্বাসিত ভিক্ষুকদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ করা হচ্ছে।

প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি

দুটি ইউনিয়নেই সমৃদ্ধি কর্মসূচির আওতায় 'প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন' কর্মসূচি পরিচালিত হচ্ছে। উক্ত কর্মসূচির আওতায় প্রবীণদের মর্যাদাপূর্ণ, দারিদ্যমুক্ত, কর্মময়, সুস্বাস্থ্য ও নিরাপদ সামাজিক জীবন নিশ্চিত করতে বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩-এর সাথে সঙ্গতি রেখে প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

প্রবীণ কর্মসচির আওতায় প্রতিটি ইউনিয়নে ১টি করে প্রবীণ সামাজিক কেন্দ্রঘর রয়েছে, যা প্রতিদিন বিকাল ৩টা থেকে ৫টা পর্যন্ত খোলা রাখা হয়। এখানে প্রবীণরা উপস্থিত হয়ে পত্রিকা পডেন, টিভি দেখেন, দাবা-ক্যারাম বোর্ড ইত্যাদি খেলেন। এছাড়াও এখানে গল্প করাসহ বিভিন্ন বিনোদনমূলক কার্যক্রম পরিচালিত হয়।





প্রতি ইউনিয়নে ১০০ জন অসচ্ছল প্রবীণকে প্রতিমাসে ৫০০ টাকা করে পরিপোষক ভাতা প্রদান করা হয়। মৃত প্রবীণদের দাফন-কাফন/সংকার বাবদ মূলগ্রাম ইউনিয়নে ১০ জনকে ২০,০০০ টাকা এবং রতনপুর ইউনিয়নে ১৫ জনকে ৩০,০০০ টাকা প্রদান করা হয়।

শ্রেষ্ঠ প্রবীণ ও শ্রেষ্ঠ সন্তান সম্মাননা এবং হুইল চেয়ার বিতরণ

২২ জুন ২০২৩এ মূলগ্রাম ইউনিয়নে এবং ২৫ জুন ২০২৩এ রতনপুর ইউনিয়নে অনুষ্ঠানের মাধ্যমে প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় ৫ জন করে মোট ১০ জন শ্রেষ্ঠ প্রবীণ ও ১০ জন শ্রেষ্ঠ সন্তানকে সম্মাননা প্রদান করা হয়। সম্মাননা স্বরূপ সকলকে সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়া প্রতি ইউনিয়নে ৪ জন করে মোট ৮ জন প্রবীণকে হুইল চেয়ার বিতরণ করা হয়।



প্রবীণদের অংশগ্রহণে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন

মূলগ্রাম ইউনিয়নে ২২ জুন ২০২৩এ এবং রতনপুর ইউনিয়নে ২৫ জুন ২০২৩এ প্রবীণদের অংশগ্রহণে 'ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের' আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রবীণদের নিয়ে ফুটবল ম্যাচসহ বিভিন্ন খেলাধূলার আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।



গবেষণা ও প্রকাশনা



গবেষণা

পরিবেশ রক্ষা, বজ্র থেকে নিরাপত্তা ও সর্বসাধারণের পুষ্টির অভাব পূরণের লক্ষ্যে মাঠপর্যায়ের কর্মগবেষণা উদ্যোগ হিসেবে তাল ও শজনে চাষ



পরিবেশ দৃষণ, জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন প্রতিরোধের এবং সর্বসাধারণের পুষ্টির অভাব পূরণের লক্ষ্যে মাঠপর্যায়ের কর্মগবেষণা হিসেবে গাঁয়ে গাঁয়ে তাল ও শজনে চাষের একটি উদ্যোগ গ্রহণ করা হয়। ঢাকার নিকটবর্তী সিদীপের ১৭টি ব্রাঞ্চের শিক্ষাসুপারভাইজারদের সঙ্গে একটি মতবিনিময়মূলক অনুষ্ঠানের মাধ্যমে পরীক্ষামূলকভাবে আমাদের এ কার্যক্রম শুরু হয় গত বছরের জুলাই মাস থেকে। জুলাই থেকে অক্টোবর পর্যন্ত তারা নিজ নিজ এলাকায় ৩ হাজারের বেশি অভিভাবকের সঙ্গে যোগাযোগ করে তাদেরকে তাল ও শজনে চাষে উৎসাহিত করেছেন। দেখা যায়, ঐসব এলাকায় ৩ হাজারের বেশি নতুন শজনে গাছ ও প্রায় ২০০ তালগাছ রোপণ করা হয়েছে। কিছু কিছু গাছ নষ্ট হওয়ার পরও প্রায় ৩ হাজার নতুন শজনে ও তাল গাছ মানুষকে পুষ্টি প্রদানে ও তাদের আয় বর্ধনে যে সহায়তা করবে তা বলার অপেক্ষা রাখে না। আর বৃহত্তর ফল হিসেবে পরিবেশকে সুস্থ ও সুন্দর রাখতে এ কার্যক্রমের গুরুত্ব অনস্বীকার্য।

এসব ব্রাঞ্চ হলো: সোনারগাঁ এরিয়ার সোনারগাঁ, মদনপুর, গাউসিয়া, আড়াইহাজার, গোপালদি শাখা; নবীগঞ্জ এরিয়ার সিদ্ধিরগঞ্জ, নবীগঞ্জ, ভবেরচর, মদনগঞ্জ শাখা; মুঙ্গিগঞ্জ এরিয়ার মুঙ্গিগঞ্জ সদর, আন্দুল্লাহপুর, টঙ্গিবাড়ি শাখা; এবং আশুলিয়া এরিয়ার আশুলিয়া, নয়ারহাট, কাশিমপুর, বোর্ডবাজার ও পুবাইল শাখা।

জুম মিটিংয়ে শিক্ষাসুপারভাইজারদের সঙ্গে আলোচনা করে তাল ও শজনে চাষ সম্প্রসারণের ক্ষেত্রে সমস্যা ও সম্ভাবনাগুলো জানা যায়। এ অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে ভবিষ্যতে এ কার্যক্রমকে নতুনভাবে ঢেলে সাজানোর ও বিস্তৃত আকারে সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে। এ কাজের পরিধারণ করা হচ্ছে ও পরিশেষে মূল্যায়ন করা হবে। উদ্দেশ্য, মানুষ এ ব্যাপারে সচেতন হয়ে স্ব-উদ্যোগে এসব গাছ রোপণ করবে।

বিদেশি সাহায্য ছাড়াই সম্পূর্ণ নিজ শক্তিতে সিদীপের সফল বেড়ে ওঠা



চাঁদপুরে তাড়াপাল্লা গ্রামে সিদীপ সদস্যের বাড়িতে অধ্যাপক মেসবাহ কামাল

বিদেশি সাহায্য ছাড়াই সম্পূর্ণ নিজ শক্তিতে উন্নয়নসংস্থা সিদীপের সফল বেড়ে ওঠা নিয়ে গবেষণা প্রতিষ্ঠান আর্রডিসি (রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট কালেকটিভ) Institutional Development Centre of Development Innovation and Practices (CDIP): An Investigative Research শীর্ষক একটি গবেষণা পরিচালনা করছে। ঢাকা বিশ্বদ্যালয়ের শিক্ষক অধ্যাপক মেসবাহ কামালের নেতৃত্বে এ গবেষণা কার্যক্রমটি শুরু হয়েছে ২০২৩এর ফেব্রুয়ারি থেকে। গবেষণা কার্যক্রমটি সম্পাদনের কাজটি নিশ্চিত করার জন্য এমআরএ কর্তক মনোনীত একজন সদস্যসহ ১১ সদস্য বিশিষ্ট একটি গঠিত কমিটি রয়েছে ও তা নিয়মিত কাজ করছে।

আন্তর্জাতিক নিউজলেটারে গবেষণা-প্রবন্ধ ও সমাজকর্ম সমোলনে পাবলিকেশন পার্টনার

সিদীপের শিক্ষাকার্যক্রমের আলোকে early childhood development বাস্তবায়ন করার সম্ভাবনা নিয়ে সংস্থার ভাইসচেয়ারম্যান শাহজাহান ভূঁইয়া এবং গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা আলমগীর খানের লেখা Matching Child Development Facing the Volatile Shocking Future শীৰ্ষক প্রবন্ধ CSWPD কর্তৃক প্রকাশিত আন্তর্জাতিক মানের Community Talks নিউজলেটারে প্রকাশিত হয়েছে।

১১-১৩ মে KIB-তে সিএসডব্লিউপিডি আয়োজিত সমাজকর্ম বিষয়ক ষষ্ঠ আন্তর্জাতিক সম্মেলনে (WSWD 2023) অনেক জাতীয় প্রতিষ্ঠানের সঙ্গে 'শিক্ষালোক' অংশগ্রহণ করেছে Publication Partner হিসেবে।



জগদীশচন্দ্র বসুর 'অব্যক্ত' ও রোকেয়ার 'সুলতানার স্বপ্ন' নিয়ে আলোচনা

২৩ ডিসেম্বর ২০২২, সিদীপ সেমিনার কক্ষে 'বিজ্ঞান ও সংস্কৃতি' ও 'শिक्षालाक'त वाराजित विकानी जगमी महस्त वसूत जन्मिन उ অব্যক্ত বইয়ের শততমবার্ষিকী এবং নারীজাগরণের পথিকৃৎ রোকেয়া সাখাওয়াত হোসেনের জন্মবার্ষিকী ও 'সুলতানার স্বপ্ন' নিয়ে দিনব্যাপী আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সর্বজনশ্রদ্ধেয় অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক। জগদীশচন্দ্র নিয়ে আলোচনায় সভাপতিত্ব করেন খ্যাতিমান সাংবাদিক সৈয়দ বদরুল আহসান এবং রোকেয়া নিয়ে আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষাবিদ অধ্যাপক শহিদুল ইসলাম। আলোচনা করেন লেখক শাহজাহান ভুঁইয়া, আশরাফ আহমেদ, খান মো, রবিউল আলম, মাসুদা ফারুক বানু রত্না, সালেহা বেগম, শিশির মল্লিক ও শাহেরীন আরাফাত। জগদীশচন্দ্র ও রোকেয়ার লেখা থেকে পাঠ করেন মো. মাহবুব উল আলম ও মিঠুন দেব। অনুষ্ঠান সঞ্চালন করেন আলমগীর খান ও নাজনীন সাথী। অনুষ্ঠানের শুরুতে বিজ্ঞান ও সংস্কৃতির সম্পাদকমণ্ডলির সদস্য তরুণ বিজ্ঞানী আনোয়ারুল আজিম খান অঞ্জনের অকাল মৃত্যুত দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।



শিক্ষালোক-এর পঞ্চম লেখক-শিল্পী সম্মিলন

সিদীপের সেমিনার ও সভাকক্ষে ১৮ মার্চ ২০২৩এ শিক্ষালোক-এর পঞ্চম লেখক-শিল্পী সম্মিলন অনুষ্ঠিত হয়। এতে বক্তারা বলেছেন. বাংলা ভাষা আন্দোলন আমাদের দেশ দিয়েছে। কিন্তু এখনও ঔপনিবেশিক ভাষা বহাল তবিয়তে রাজত্ব করে যাচ্ছে। আমাদের এখান থেকে বের হতে হবে। রাষ্ট্রের সর্বস্তরে বাংলা ভাষা ব্যবহার ও নিজস্ব সংস্কৃতি চর্চায় গুরুত্ব দিতে হবে। প্রয়োজনে আরেকটি ভাষা আন্দোলন করতে হবে। তারা আরও বলেন, স্বাধীনতার অর্ধশত বছরেও আমরা একমুখী শিক্ষানীতি বাস্তবায়ন করতে পারিনি। আমাদের জাতীয় বাজেটে শিক্ষাখাতে খুবই কম বরাদ্দ দেয়া হয়। এটা খুবই হতাশাজনক। সভায় প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক।

সভায় আলোচনা করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য শিক্ষাবিদ শহিদুল ইসলাম, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির শিক্ষক কুদরতে খোদা, সিদীপের ভাইস চেয়ারম্যান শাহজাহান ভুঁইয়া, সাম্প্রতিক দেশকাল সম্পাদক ইলিয়াস উদ্দিন

পলাশ, ইউল্যাব শিক্ষক খান মো. রবিউল আলম, কবি সৈকত হাবিব, লেখক আরশাদ সিদ্দিকী, গবেষক সালেহা বেগম প্রমুখ। সভার প্রথম পর্বে ভাষা, দ্বিতীয় পর্বে মুক্তপাঠাগার এবং তৃতীয় পর্বে নৈতিকতার ওপর আলোচনা করা হয়।



'মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার' স্থাপন

গত অর্থবছরে নাটোরের লালপুরে সিরাজিপুর দাঁইড়পাড়া প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে ও রাজশাহীতে বাঘা আইডিয়াল উচ্চ বিদ্যালয়ের পর এ পর্যন্ত ১১টি জেলায় আরও ২৩টি স্কুলে মুক্তপাঠাগার স্থাপিত হয়েছে। মুক্তপাঠাগার স্থাপনে ইচ্ছুক শিক্ষাসুপারভাইজারসহ মোট ৪৪ জন শিক্ষাসুপারভাইজারকে নিয়ে ২০২২এর ৩ ও ৬ নভেম্বর মতবিনিময় সভা ও প্রশিক্ষণের আয়োজন করা হয়। চলতি অর্থবছরে যেসব শিক্ষাপ্রতিষ্ঠানে মুক্তপাঠাগার স্থাপিত হয়েছে এণ্ডলো হলো:

ক্র. নং	বিদ্যালয়ের নাম	শাখার নাম	উপজেলা/থানা	জেলা
۵	ভাটপাড়া উচ্চ বিদ্যালয়	পুঠিয়া	পুঠিয়া	রাজশাহী
২	দেবোত্তর পাইলট উচ্চ বিদ্যালয়	দেবোত্তর	আটঘরিয়া	পাবনা
•	বোয়াইলমারি উচ্চ বিদ্যালয়	বালুচর	ভাঙ্গুড়া	পাবনা
8	সেন্ট যোসেফ্স স্কুল এন্ড কলেজ	বনপাড়া	বনপাড়া	নাটোর
œ	এন আই ভূঁইয়া উচ্চ বিদ্যালয়	চারগাছ	কসবা	ব্রাক্ষণবাড়িয়া
৬	ভাঙ্গুরা ইউনিয়ন উচ্চ বিদ্যালয়	ভাঙ্গুরা	ভাঙ্গুরা	পাবনা
٩	রাজাপুর ডিগ্রী কলেজ	রাজাপুর	বড়াইগ্রাম	নাটোর
ъ	রাবেয়া মান্নান ভূইয়া বালিকা উচ্চ বিদ্যালয়	নয়নপুর	কসবা	ব্রাহ্মণবাড়িয়া
৯	দমদমা পাইলট স্কুল এন্ড কলেজ	সিংড়া	সিংড়া	নাটোর
20	হাজীগঞ্জ সরকারি পাইলট স্কুল এন্ড কলেজ	হাজীগঞ্জ	হাজীগঞ্জ	চাঁদপুর
22	কুটি অটলবিহারী উচ্চ বিদ্যালয়	কুটি	কসবা	ব্রাক্ষণবাড়িয়া
75	বৈদ্যের বাজার নেকবর আলী মুঙ্গী (এনএএম) পাইলট উচ্চ বিদ্যালয়	সোনারগাঁ	সোনারগাঁ	নারায়ণগঞ্জ
20	সফুরা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়	সিদ্ধিরগঞ্জ	সিদ্ধিরগঞ্জ	নারায়ণগঞ্জ
\$8	রোকনউদ্দিন মোল্লা গার্লস স্কুল	আড়াইহাজার	আড়াইহাজার	নারায়ণগঞ্জ
36	ইলিয়টগঞ্জ রাজেন্দ্র বিশ্বনাথ উচ্চ বিদ্যালয়	রায়পুর/গৌরীপুর	দাউদকান্দি	কুমিল্লা
১৬	চিনকি আস্তানা উচ্চ বিদ্যালয়	বারইয়ারহাট	মিরসরাই	চউগ্রাম
۵۹	হায়দারাবাদ হাজী ইয়াকুব আলী উচ্চ বিদ্যালয়	হায়দারাবাদ	মুরাদনগর	কুমিল্লা
\$ b	গৌরগ্রাম উচ্চ বিদ্যালয়	সাঁথিয়া	সাঁথিয়া	পাবনা
১৯	কাশীনাথপুর বালিকা উচ্চ বিদ্যালয়	কাশীনাথপুর	সাঁথিয়া	পাবনা
২০	দোসাইদ এ কে উচ্চ বিদ্যালয়	আশুলিয়	সাভার	ঢাকা
২১	দাদনচক হেমায়েত মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়	শিবগঞ্জ	শিবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ
২২	কাশিমপুর হাই স্কুল এভ কলেজ	কাশিমপুর	কাশিমপুর গাজীপুর	
২৩	হাজী আব্দুল মালেক উচ্চ বিদ্যালয়	নবীগঞ্জ	বন্দর	নারায়ণগঞ্জ

মুক্তপাঠাগারে সেরা পাঠক-পাঠিকা নির্বাচন ও পুরস্কার প্রদান

যেসব স্কুলে মুক্তপাঠাগার স্থাপিত হয়েছে তাদের মধ্যে এ পর্যন্ত ১৪টি স্কুল/কলেজে সেরা পাঠক-পাঠিকা নির্বাচন ও পুরস্কার প্রদান করা হয়েছে। এগুলো হলো: হাজীগঞ্জ পাইলট হাইস্কুল, রাবেয়া মান্নান উচ্চ বিদ্যালয়, এন আই ভূঁইয়া উচ্চ বিদ্যালয়, সেন্ট যোসেফ্স স্কুল এণ্ড কলেজ, সিরাজিপুর দাঁইড়পাড়া প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, রাজাপুর ডিগ্রী কলেজ, ভাঙ্গুরা ইউনিয়ন উচ্চ বিদ্যালয়, বোয়াইলমারী উচ্চ বিদ্যালয়, বাঘা আইডিয়াল উচ্চ বিদ্যালয়, ভাটপাড়া উচ্চ বিদ্যালয়, ইলিয়টগঞ্জ রাজেন্দ্র বিশ্বনাথ উচ্চ বিদ্যালয়, দেবোত্তর পাইলট উচ্চ বিদ্যালয়, রোকন উদ্দিন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় এবং বৈদ্যেরবাজার নেকবর আলী মুন্সী পাইলট উচ্চ বিদ্যালয়।







টাঙ্গাইলে পাঠাগার সম্মেলনে মুক্তপাঠাগারের অংশগ্রহণ



২২-২৪ ডিসেম্বর ২০২২, টাঙ্গাইল জেলার ভূঞাপুরের নিভৃত গ্রাম অর্জুনায় হাজী ইসমাইল খাঁ বেসরকারি কারিগরি কলেজে সম্মিলিত পাঠাগার আন্দোলনের উদ্যোগে আয়োজিত হয় সমাজের আলোকিত মানুষদের এক মহামিলনমেলা, পাঠাগার সম্মেলন ২০২২। তিনদিনব্যাপি আয়োজিত এ মেলায় সংস্থার পক্ষ থেকে একটি বইয়ের স্টল দেয়া হয় এবং সংস্থার পক্ষ থেকে দুজন প্রতিনিধি এতে যোগ দেন।

অদৈত মেলা ২০২৩এ মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগারের অংশগ্রহণ

তিতাস বিধৌত ব্রাহ্মণবাড়িয়া জেলার কৃতি সন্তান, 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের রচয়িতা অমর কথাশিল্পী অদৈত মল্লবর্মণের জন্মদিন উপলক্ষে ব্রাহ্মণবাড়িয়া জেলার তিতাস আবৃত্তি সংগঠন চলতি বছর ১-৩ জানুয়ারি শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত ভাষা চত্বরে আয়োজন করে তিনদিন ব্যাপি অদৈত মেলা-২০২৩। মেলায় অদৈতের সৃষ্টি নিয়ে আলোচনার পাশাপাশি ছিল নানা সাংস্কৃতিক আয়োজন। তারমধ্যে লোকজ সঙ্গীত, নৃত্য ও দেশ-বিদেশের আবৃত্তিশিল্পীগণের কবিতা পাঠ উল্লেখযোগ্য। এ মেলায় সিদীপ বইয়ের স্টল নিয়ে অংশগ্রহণ করে।



শিক্ষাসুপারভাইজারদের রচনা-প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার

অর্থবছরে শিক্ষা সহায়তা কর্মসূচির শিক্ষাসুপারভাইজারদের জন্য "বই পড়ার প্রয়োজনীয়তা ও এলাকায় একটি মুক্তপাঠাগার তৈরিতে আমার পরিকল্পনা" শীর্ষক একটি রচনা-প্রতিযোগিতা আয়োজন করা হয়েছিলো। ৩ ও ৬ নভেম্বর ২০২২এ রচনা-প্রতিযোগিতায় বিজয়ী ২২ জন প্রতিযোগীকে ১ম, ২য় ও ৩য় এবং সেরা ও ভাল ক্যাটেগরিতে পুরস্কার প্রদান করা হয়। প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে পুরস্কার প্রদান করেন সিদীপের চেয়ারম্যান ফজলুল বারি, ভাইস চেয়ারম্যান শাহজাহান ভুঁইয়া, নির্বাহী পরিচালক মিফতা নাঈম ভূদা, সাধারণ পরিষদের সদস্য সালেহা বেগম, প্রকৃতি প্রকাশনীর স্বত্বাধিকারী কবি সৈকত হাবিব, পাবনা বিজ্ঞান ও



প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক ড: মো: আমিন উদ্দিন মুধা, পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশের অ্যাসোমিয়েট প্রফেসর সমাজকর্মী মো: হাবিবুর রহমান ও সিদীপের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

বিভিন্ন ব্যক্তি ও প্রকাশনীর পক্ষ থেকে মুক্তপাঠাগারকে বই উপহার

ক্রমিক	দাতার নাম	বইয়ের সংখ্যা
2	বিজ্ঞানি ও লেখক আশরাফ আহমেদ	২ 00
2	প্রকৃতি প্রকাশনীর স্বত্বাধিকারী কবি সৈকত হাবিব	২৫০
9	লেখক ও গবেষক সালেহা বেগম	> @
8	লেখক মনজুর শামস	88
Č	সিদীপ ডিজিটাইজেশন ডিপার্টমেন্ট	٩٥
ઝ	আইআরসি-র স্বত্বাধিকারী প্রকাশক জাহিদুল ইসলাম Lorem ipsu	۶৫۰ ım
	সর্বমোট	৭২০টি



বই উপহার দিচ্ছেন প্রকৃতি প্রকাশনীর স্বত্যাধিকারী কবি সৈকত হাবিব

প্রকাশনা

শিক্ষালোক



এ অর্থবছরে সিদীপের শিক্ষাবিষয়ক বুলেটিন শিক্ষালোকের চারটি সংখ্যা প্রকাশিত হয়েছে। সংখ্যাগুলোর প্রচ্ছদ কাহিনী ছিল: মোহাম্মদ ইয়াহিয়া মুক্তপাঠাগার, আন্তর্জাতিকভাবে খ্যাতিমান বিজ্ঞানি জামাল নজরুল ইসলাম, ভাষা আন্দোলনের ঐতিহাসিক প্রেক্ষাপট ও মুক্তবুদ্ধির লেখক ডা. লুৎফর রহমান। বিষয়ের গুরুত্ব, বৈচিত্র্য ও নান্দনিকতার বিচারে প্রতিটি সংখ্যাই গুভানুধ্যায়ী মহলে প্রশংসিত হয়েছে। সিদীপের সারা বছরের কর্মকাণ্ডের প্রতিফলনও রয়েছে সংখ্যাগুলোয়।

নতুন বই

বজ্র থেকে নিরাপত্তা ও সর্বসাধারণের পুষ্টি নিশ্চিতকরণের লক্ষ্যে শজনে ও তালগাছ চাষ সম্প্রসারণ বিষয়ে 'গাঁয়ে গাঁয়ে তাল ও শজনে চাষ' শিরোনামে একটি বই জুন ২০২৩এ প্রকাশিত হয়েছে। এতে লিখেছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. আমিন উদ্দিন মৃধা, পুষ্টিবিদ ফাহমিদা করিম ও অন্যান্য।

বইটি সিদীপ ও প্রকৃতি প্রকাশনীর একটি যৌথ প্রকাশনা।



সাফল্যগাথা

কঠিন বাস্তবতার মুখে পড়ে এক সময় চারিদিক অন্ধকার দেখছিলেন রাখি খাতুন। স্বামী মো. শহিদুল ইসলাম একার আয়ে সংসার চালাতে ভীষণ কষ্ট পাচ্ছিলেন। শহিদুল ইসলাম নিজ জমিতে চাষ করেও তেমন আয় করতে পারতেন না। সামাজিক দিক দিয়েও রাখি খাতুন অনেকাংশেই পিছিয়ে ছিলেন। কিন্ত যতদিন যায় ততই রাখি খাতুনের সংসারে চাহিদা বাড়তে থাকে। এমতাবস্থায় রাখি খাতুন স্বামীর পাশাপাশি নিজে সংসারটাকে স্বচ্ছল রাখার জন্য হাঁস-মুরগি এবং ছাগল পালন শুরু করেন। রাখি খাতুন পাবনা জেলার ঈশ্বরদী উপজেলায় দাশুড়িয়া ইউনিয়নে কালিকাপুর গ্রামের অধিবাসী।

রাখি খাতুনের সংসারে এক ছেলে ও এক মেয়ে। তার ছেলে হৃদয় নবম শ্রেণিতে পড়ে ও মেয়ে সুমাইয়া তৃতীয় শ্রেণিতে লেখাপড়া করে। অভাব অনটনের মধ্যে দিয়ে তাদের দিন কাটছিল। রাখি খাতুন ভাবতে থাকেন কি করবেন। তখন তার প্রতিবেশীদের সাথে কথা বলে জানতে পারেন সিদীপ নামে একটি এনজিওতে সাপ্তাহিক, মাসিক এবং এসএমএপি ক্ষিঋণ প্রদান করা হয়। রাখি খাতুন তার স্বামীর সাথে পরামর্শ করেন এবং ঠিক করেন সিদীপের দেবোত্তর শাখায় কালিকাপুর মহিলা সমিতিতে ভর্তি হবেন। সমিতির সদস্য হওয়ার পর কয়েক মাস তিনি কেবল সাপ্তাহিকভাবে সঞ্চয় করতে থাকেন। ২০২০এর ২৭ ফেব্রুয়ারি ১৬.০০০ টাকা সাপ্তাহিক ঋণ গ্রহণ করেন। এরপর রাখি খাতুন প্রথম বারের মত এসএমএপি কৃষি ঋণ নেন ২০,০০০ টাকা ২০২০এর ২০ নভেম্বর। আবারও তিনি ৫০,০০০ টাকা এবং ২০.০০০ টাকা সাপ্তাহিক ঋণ নেন। এবার তিনি ৩৩ শতাংশ জমিতে শিম চাষ করেছেন। কিন্তু শিম চাষ করে রাখি খাতুন মাত্র ১৫,০০০ টাকা আয় করেন।

এছাড়াও রাখি খাতুনের ২টি গাভী এবং ১টি ষাঁড় গরু আছে। দুইটি গাভী থেকে প্রতিদিন ৩০-৩৫ লিটার দুধ পান। যার বাজার মূল্য হিসেবে প্রতি লিটার ৫৫-৬০ টাকা করে প্রতিদিন তিনি ১৬৫০ থেকে ২১০০ টাকা আয় করেন। এভাবে প্রতি মাসে তার শুধু দুধ বিক্রয় করে ৪৯,৫০০ থেকে ৬৩,০০০ টাকা আয় হয়। তন্মধ্যে তার মাসিক খরচ গড়ে আনুমানিক ২০,০০০ থেকে ২৫০০০ টাকা। অর্থাৎ রাখি খাতুনের মাসিক আয় বর্তমানে ২৯,০০০ থেকে ৪০,০০০ টাকা প্রায়। রাখি খাতুন আরও বলেন তার পোষা যাঁড গরুটি আগামী রমজান মাসে আনুমানিক ১,৫০,০০০ থেকে ২,০০,০০০ টাকায় বিক্রয় হতে পারে, লাভ হবে প্রায় ১,০০,০০০ টাকা।

রাখি খাতুন তার অভিজ্ঞতা তুলে ধরতে গিয়ে বলেন, কাজকে কোন সময় ছোট করে না দেখলে অধ্যবসায়ের মাধ্যমে সফলতা একদিন আসবেই।



রাখি খাতুনের সফলতার গল্প



মালেকা বেগমের ঘুরে দাঁড়ানো

সংসারে অভাব অনটন লেগেই থাকত মালেকা বেগম ও আমির হোসেনের। যদিও ৭০ শতাংশ জমি আমির হোসেনের আছে কিন্তু টাকার অভাবে জমিতে ফসল উৎপাদন করা সম্ভব হত না। তাই তিনি সারা বছরই অন্যের জমিতে শ্রম বিক্রি করেন এবং অল্প কিছুদিন নিজের জমিতে কাজ করেন। এভাবেই চলে মালেকা বেগম ও আমির হোসেনের সংসার।

মালেকা বেগমের পরিবারের সদস্য সংখ্যা ৫ জন। স্বামী-স্ত্রী ও ২ জন ছেলে এবং ১ জন মেয়ে। দারিদ্যের কারণে দিনরাত স্বামী-স্ত্রী দুজনে হাড়ভাঙ্গা পরিশ্রম করার পরও সংসারের অভাব দূর হয় না মালেকা বেগমের। পাড়া-প্রতিবেশীর নিকট থেকে মালেকা বেগম জানতে পারেন যে. সিদীপ নামে একটি সংস্থা আছে এবং সংস্থাটি দরিদ্র পরিবারের লোকদের বিভিন্ন ধরনের ঋণ দিয়ে থাকে যার কিস্তি প্রতি মাসে বা সপ্তাহে পরিশোধ করতে হয়। এছাডা আরও এক ধরনের ঋণ দেয়া হয় যার কিন্তি এককালীন অর্থাৎ ৬ মাসে এবং মেয়াদ অনুযায়ী পরিশোধ করতে হয়। এককালীন পরিশোধের এ বিষয়টি মালেকা বেগমের খুব ভাল লাগে এবং তার মধ্যে এ ঋণ নেওয়ার আগ্রহ জাগে। যেহেতু মাসিক বা সাপ্তাহিক কোন কিস্তি নেই, তাই এ ঋণ নিয়ে কোন কাজ করে এককালীন ঋণ পরিশোধ করা সম্ভব। এ বিষয়টি মালেকা বেগম তার স্বামীর সাথে আলোচনা করেন। ঋণের টাকা দিয়ে তাদের নিজের জমির পাশাপাশি অন্যের জমি বর্গা নিয়ে সবজি চাষ করে লাভের টাকা দিয়ে ঋণ পরিশোধ করা সম্ভব এবং লাভবান হওয়া সম্ভব বলে মালেকা বেগম তার স্বামীকে জানান। মালেকা বেগমের চিন্তাভাবনা বাস্তবসম্মত বলে আমির হোসেন রাজি হন এবং সিদীপ থেকে ঋণ গ্রহণের সিদ্ধান্ত নেন।

তারপর মালেকা বেগম সিদীপের সদস্যদের মাধ্যমে সিদীপের সদস্যপদ লাভ করেন এবং এক মাস পর টমেটো চাষ প্রকল্পে মুন্সিগঞ্জ ব্রাঞ্চ থেকে ৪০,০০০ টাকা ঋণ প্রস্তাব করেন। প্রস্তাব অনুযায়ী তার ঋণ মঞ্জুর হয় এবং ঋণের টাকা দিয়ে তিনি তার জমিতে শিম, লাউ, ঝিঙ্গা, ঢেঁড়স, টমেটো এবং ধান চাষ করেন। ৬ মাসে মালেকা বেগম সব সবজি মিলিয়ে প্রায় ৮০,০০০ টাকার সবজি বিক্রয় করেন এবং আন্যান্য সব খরচ বাদ দিয়ে তার লাভ হয় ২০,০০০ টাকা। এই লাভের টাকা দিয়ে তারা আরও ৩০ শতাংশ জমি বন্ধক নেন এবং মালেকা বেগমের স্বামী আমির হোসেন শ্রম বিক্রি বন্ধ করে দেন। মালেকা বেগম এসএমএপি ঋণ গ্রহণের পূর্বে টেকনিক্যাল ওরিয়েন্টেশনের সময় মুঙ্গিগঞ্জ ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তার সাথে তার পরিচয় হয়। এই ১০০ শতাংশ জমির মধ্যে ৭০ শতাংশ জমিতে তিনি চক্রাকার পদ্ধতিতে সবজি চাষ শুরু করেন যেন সব সময় তার সবজি খেত থেকে সবজি বিক্রয় করতে পারেন এবং বাকি ৩০ শতাংশ জমিতে ধান চাষ করেন। বর্তমানে মালেকা বেগম তার সবজি খেত থেকে প্রতি সপ্তাহে প্রায় ২০,০০০ টাকার সবজি বিক্রয় করেন। এছাড়া তার ধান ফসলের অবস্থাও ভাল এবং এই ফসলের কোন সমস্যা বা রোগবালাই হচ্ছে কিনা তা দেখতে সিদীপের ও মুঙ্গিগঞ্জ ইউনিয়ন পরিষদের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত যোগাযোগ রাখছেন।

মালেকা বেগম বলেন, এই ফসল উৎপাদন করতে তার জমি, সার , জমিচাষ, সেচ, নিড়ানি ও কর্তন বাবদ প্রায় ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা খরচ। এ ফসল বিক্রয় করে প্রায় ৬০,০০০ থেকে ৭০,০০০ টাকা পাওয়া যাবে। মালেকা বেগম ও তার স্বামী আমির হোসেন জানান, ধান চাষ করে এক মৌসুমে প্রায় ৩০,০০০ থেকে ৩৫,০০০ টাকা লাভ করা সম্ভব। মালেকা বেগম সবজি চাম্বের পাশাপাশি গাভী পালনেও আগ্রহী হন এবং একটি গাভী ক্রয় করেন। এক বছর পর প্রগাভী থেকে দৈনিক ১৫ লিটার দুধ পান এবং তা বাজারে বিক্রয় করে প্রায় ৮০০ টাকা পান। সেই টাকা থেকে কিছু জমিয়ে আরও একটি গাভী ক্রয় করেন। মালেকা বেগম বলেন যে, প্রতি বছর তারা পর্যায়ক্রমে আরও বেশি জমিতে সবজি ও ধান চাষ করবেন। মালেকা বেগমের কাজে সফলতা দেখে এলাকার অন্য লোকজনও কৃষি কাজের প্রতি উৎসাহিত হয়েছেন এবং তার কাছ থেকে পরামর্শ নিচ্ছেন। মালেকা বেগমও পরামর্শ দিতে পেরে অনেক খুশি এবং সর্বোপরি সিদীপের প্রতিও তিনি কৃতজ্ঞ।

জীবনযুদ্ধে সফল এক কৃষক পরিবার



কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার বরকইট ইউনিয়নের পিহর গ্রামের বাসিন্দা মোসা. রহিমা বেগম, তার স্বামী মো. আলী আহমদ। পৈতৃকভাবেই পাওয়া জমিতে আলী আহমদ ও তার স্ত্রী রহিমা বেগম কৃষিকাজ করেন এবং কৃষিই তাদের একমাত্র আয়ের পথ। কিন্তু এই কৃষি থেকে তাদের যে পরিমাণ আয় হত তা দিয়ে অনেক টানাপড়েনের মধ্য দিয়ে তাদের সংসার চলত। তার পরিবারে মোট সদস্য সংখ্যা ৫ জন; ১ মেয়ে, ২ ছেলে ও তারা ২ জন।

রহিমা বেগম ২০১৪ সালে নিমসার শাখায় সিদীপের সদস্য হয়ে সাধারণ ঋণ গ্রহণ করেন এবং ২০১৫ সালে কৃষিঋণ বা এসএমএপি ঋণ নেয়া শুরু করেন। প্রথম ধাপে তিনি ২০,০০০ টাকা কৃষিঋণ গ্রহণ করেন এবং এ টাকা দিয়ে ধানচাষ করেন। এই ধান চাষ করার ক্ষেত্রে সিদীপ নানাধরনের পরামর্শ প্রদান করে। তিনি ঐ সময়ে লোগো ও পার্চিং ব্যবস্থাপনার মাধ্যমে ধান চাষ করেন । যার ফলে তার ধানের উৎপাদনও বেশ ভালো হয়। পরবর্তীতে ২য় ধাপে ৩০,০০০ টাকা ও তৃতীয় ধাপে ৪০,০০০ টাকা গ্রহণ করেন। এ টাকায় তিনি সিদীপ কর্মকর্তাদের পরামর্শে প্রায় ১.৫ বিঘা জমিতে গ্রীষ্মকালীন টমেটো চাষ ও 🕽 বিঘা জমিতে মরিচ চাষ করেন। এ ক্ষিপণ্য উৎপাদনে সিদীপ থেকে তাকে প্রতিনিয়ত পরামর্শ ও সহযোগিতা করা হয়। এই গ্রীষ্মকালীন টমেটো থেকে তিনি প্রায় ৮০,০০০ টাকা ও মরিচ থেকে ৫০,০০০ টাকা লাভ করেন।

পরবর্তীতে সিদীপ কর্মকর্তারা তাকে চান্দিনা উপজেলা কৃষি কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করিয়ে দেন এবং বর্তমানে তিনি কৃষি অফিস থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা পেয়ে থাকেন। ধীরে ধীরে তার সাথে কুমিল্লা হর্টিকালচার সেন্টার কর্মকর্তাদের সাথেও যোগাযোগ হয় এবং এ সমস্ত মাধ্যম দিয়ে তিনি বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করে কৃষি সম্পর্কে বেশ ভালো জ্ঞান অর্জন করেন। পাশাপাশি সিদীপ থেকে আয়োজিত বিভিন্ন কৃষি-প্রশিক্ষণ কর্মসূচিতে তিনি এখন এক পরিচিত মুখ ।


সিদীপের পরামর্শে ২০১৯ সালে তিনি বিরি ধান-৭৪ অর্থাৎ জিংকসমৃদ্ধ ধানের বীজ রোপণ করেন। পাশাপাশি তার এখন একটি মিশ্র ফলের বাগান রয়েছে যেখানে খাটো জাতের নারিকেল, আম, পেয়ারা, কলা ও আখ রয়েছে। পাশাপাশি কৃষক আলী আহমদ কীটনাশক ব্যবহারের পরিবর্তে বিভিন্ন জৈবসার ব্যবহার করে থাকেন যেমন ট্রাইকোকম্পোস্ট, সিদীপ থেকে দেয়া কেঁচোসার, গোবরসার ইত্যাদি। তার দেখাদেখি গ্রামের অন্যান্য কৃষক উৎসাহিত হচ্ছেন ।

২০১৯ সালে রহিমা বেগম সিদীপ থেকে ৫০.০০০ টাকা গাভীপালনের জন্য ঋণ গ্রহণ করেন এবং বর্তমানে তার ৪টি গাভী রয়েছে। প্রতিবছর এখান থেকেও কৃষক আলী আহমদ বেশ ভালো টাকা উপার্জন করছেন। পাশাপাশি তার একটি মাছের ঘের রয়েছে. এখান থেকেও তিনি কিছু টাকা উপার্জন করতে পারছেন।

বর্তমানে তিনি শ্যালোমেশিন প্রকল্পে সিদীপ থেকে ৫০,০০০ টাকা গ্রহণ করেছেন এবং এই মেশিন তিনি কৃষিতে সেচের কাজে ও মাছ চাষে ব্যবহার করছেন। বর্তমানে নিমসার শাখার কর্মকর্তারা বুডিচং উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করে সেখান থেকে চমক হাইব্রিড জাতের ধান সংগ্রহ করে তাকে দিয়েছেন। কৃষক আলী আহমদ তা লোগো পদ্ধতিতে ও পার্চিং ব্যবস্থাপনার মাধ্যমে রোপণ করছেন এবং এখান থেকে ভালো ফসল পাবেন বলে আশা করেছেন। সিদীপ নিমসার শাখা থেকে তাকে প্রতিনিয়ত বিভিন্ন পরামর্শ দেয়া হয় এবং তিনি এসব পরামর্শ পেয়ে খুশি বলে আমাদেরকে জানান।

উল্লিখিত বিভিন্ন প্রকল্প থেকে কৃষক আলী আহমদ বছরে প্রায় ৩,৫০,০০০ টাকা আয় করতে পারছেন। রহিমা বেগমের বড় ছেলে মো. ফয়সাল আহমেদ বেশ মেধাবী। শুধুমাত্র এ কৃষিকাজ থেকে আয়ের টাকা দিয়ে কৃষক আলী আহমদ তার বড় ছেলেকে চীনে একটি বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করাচ্ছেন। রহিমা বেগম ও আলী আহমদ কৃষিকাজে এক সফল দম্পতি।

মানব-সম্পদ ব্যবস্থাপনা



একটি সংস্থার উদ্দেশ্য ও অভিষ্ট লক্ষ্য অর্জনে মানব-সম্পদ বিভাগের গুরুত্ব অপরিসীম। যেকোনো উন্নয়ন সংস্থার সার্বিক উন্নতি ও গতিশীলতার জন্য মানবসম্পদ উন্নয়নের কোনো বিকল্প নেই।

কর্মীদের প্রতিষ্ঠানের প্রতি আকৃষ্ট করা, কর্মী নির্বাচন, উপযুক্ত কর্মী নিয়োগ, কাজের যথাযথ মূল্যায়ন, পদোন্নতি, বেতনভাতা নির্ধারণ, আর্থিক প্রণোদনা প্রদান, বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে কর্মীদের দক্ষতা বৃদ্ধি, চাকরি শেষে নীতিমালা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ, কর্মীবান্ধব পরিবেশ বজায় রাখা ইত্যাদির মাধ্যমে কর্মীদের সঠিক সময়ে সঠিক সেবা প্রদান করাই হচ্ছে মানব-সম্পদ বিভাগের প্রধান কাজ। সিদীপে বিভিন্ন কর্মসূচি/বিভাগ রয়েছে। এগুলো হলো: ক্ষুদ্রঋণ কর্মসূচি, অন্যান্য/স্পেশাল কর্মসূচি/প্রজেক্ট, এইচআর এভ ওডি এভ এডমিনিস্ট্রেশন, অর্থ ও হিসাব বিভাগ, ডিজিটাইজেশন বিভাগ, গবেষণা ও প্রকাশনা বিভাগ এবং নিরীক্ষা বিভাগ।

এইচআর এন্ড ওডি এন্ড এডমিনিস্ট্রেশন বিভাগের আওতায় বিভিন্ন ইউনিট রয়েছে, যারা সংস্থার মানোনুয়নে এবং কর্মীদের সেবা প্রদানে নিরলস কাজ করে যাচ্ছেন। ইউনিটগুলো হলো: ১। প্রশাসন, ২। লজিস্টিক, ৩। পার্সোনেল, ৪। প্রকিউরমেন্ট, ৫। লিগ্যাল এ্যাফেয়ার্স এবং ৬। ক্যাপাসিটি বিল্ডিং এন্ড অর্গানাইজেশনাল ডেভেলপমেন্ট।

সিদীপ তার কর্মীদের বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদানের ক্ষেত্রে সর্বদা ইতিবাচক ভূমিকা পালন করে থাকে। বর্তমানে সিদীপের ব্রাঞ্চসংখ্যা বৃদ্ধির মাধ্যমে এর পরিধি বা কর্ম-এলাকা বৃদ্ধির ফলে বিভিন্ন কার্যক্রমও প্রতিনিয়ত বৃদ্ধি পাচেছ।

জেলা/উপজেলা/ব্রাঞ্চ/সদস্য সংখ্যা	২০২১-২০২২ অর্থ বছর	২০২২-২০২৩ অর্থ বছর	বৃদ্ধি
জেলা	২৭টি	୭୦ିଡ	৩টি
উপজেলা	১৪ ৭টি	১৬৬টি	১৯টি
ব্ৰাঞ্চ	ত্তীধেধ	২০১টি	২০টি
সদস্য সংখ্যা	২,৮৮,৫৭৪ জন	২,৯৮,৫৬৫ জন	৯,৯৯১ জন

মোট জনবল

ক্ষুদ্রঋণ কর্মসূচি	শিক্ষা সহায়তা কর্মসূচি (শিসক)	স্বাস্থ্য কর্মসূচি	সমৃদ্ধি কর্মসূচি	এসএলডিপি	নিরীক্ষা বিভাগ	কৈশোর কর্মসূচি	ভ্যালু চেইন প্রকল্প	এসএমএপি (জাইকা)	বিডি রুরাল ওয়াশ	প্রধান কার্যালয়	মোট জনবল
২০৯৮	২৭৭৭	৩০২	778	•	৩৯	٥	৬	৯	۶	220	৫ 8৬৫

নারী ও পুরুষ কর্মীর সংখ্যা





মোট ৫৪৬৫ জন কর্মী সিদীপের বিভিন্ন কর্মসূচি, বিভাগ ও প্রকল্পে অত্যন্ত নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছেন। গত অর্থবছরে এ সংখ্যা ছিল ৪৭৫৬ জন। মোট বৃদ্ধি পেয়েছে ৭০৯ জন। এই অর্থবছরে জনবল বৃদ্ধির হার ১৩%।

উল্লেখযোগ্য কার্যক্রম

নিয়োগ, স্থায়ীকরণ, গ্রেড উন্নয়ন/পদোন্নতি

নিয়োগ	৫৪৭ জন	স্থায়ীকরণ	৪৬১ জন	গ্রেড উন্নয়ন/পদোন্নতি	২৯৪ জন
--------	--------	------------	--------	------------------------	--------

কর্মী প্রণোদনা

কর্মীদের প্রণোদনা প্রদানে সিদীপ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবরই আন্তরিক। কাজের যথাযথ মূল্যায়ন এবং নীতিমালা অনুযায়ী তা দেয়া হয়ে থাকে। পণ্য বিক্রয়ের জন্য কমিশন, উৎসাহ বোনাস, বিভিন্ন ঋণ সুবিধা ইত্যাদি প্রদান করা হয়। সিদীপে কর্মরত কর্মীদের সন্তান এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় গোল্ডেন এ প্লাস অর্জন করলে এককালীন বৃত্তি প্রদান করা হয়ে থাকে। এসএসসি শিক্ষার্থীর জন্য ১৫,০০০ (পনেরো হাজার) টাকা এবং এইচএসসি শিক্ষার্থীর জন্য ২০,০০০ (বিশ হাজার) টাকা।

তাছাড়া 'মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও কর্মী কল্যাণ তহবিল' হতে প্রাতিষ্ঠানিক নিয়মে কর্মীদের বিভিন্ন সহযোগিতা করা হয়। পিকেএসএফ-এর শিক্ষাবৃত্তি কার্যক্রমের আওতায় মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে উচ্চ মাধ্যমিক/সমমান শ্রেণিতে অধ্যয়নরত সিদীপের বিভিন্ন কর্মসূচির সাথে সম্পৃক্ত সদস্যদের অতিদরিদ্র্ পরিবারের মেধাবী শিক্ষার্থীদের পিকেএসএফ থেকে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির নির্দেশনায় অসচ্ছল সদস্যগণের সন্তানদের জন্য 'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং তা বহাল রয়েছে।

মৃত্যুজনিত ক্ষতিপুরণ ও কর্মী কল্যাণ তহবিল

সংস্থায় কর্মরত কর্মীদের অসুস্থতা, দুর্ঘটনা ও মৃত্যুতে ক্ষতিগ্রস্ত ব্যক্তি/পরিবারকে আর্থিক ক্ষতিপূরণ প্রদান করা হয়ে থাকে। এ অর্থবছরে প্রদান করা হয়েছে:

উদ্দেশ্য	কর্মীসংখ্যা	টাকার পরিমাণ
চিকিৎসার (অসুস্থতা, দুর্ঘটনা ইত্যাদি) জন্য	১ ৪ জন	৫,৩০,৫০৫ (পাঁচ লক্ষ ত্রিশ হাজার পাঁচশত পাঁচ)

প্রশিক্ষণ, কর্মশালা ও এক্সপোজার ভিজিট

চলতি অর্থবছরে মোট ৬৩,৭৮৯ জনকে ৭৮টি ভিন্ন ভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ, কর্মশালা, ওরিয়েন্টেশন এবং রিফ্রেশার প্রদান করা হয়েছে। অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন সমিতির সদস্য (উপকারভোগী) এবং সিদীপের বিভিন্ন প্রকল্পের কর্মীসহ মাঠপর্যায় হতে প্রধান কার্যালয় পর্যন্ত বিভিন্ন স্তরের কর্মীবৃদ। এর মধ্যে সিদীপের নিজস্ব আয়োজনে প্রধান কার্যালয়ে ৩৪টি বিষয়ের উপর ৪,৮৯৫ জনকে এবং মাঠপর্যায়ে ১৩টি বিষয়ের উপর ৫৮,৩৬৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

